নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল

শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
৬ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯৪
২১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুর ঘাটে সরবরাহ কম : অতিরিক্ত দামে বিক্রি হচ্ছে ইলিশ

স্টাফ রিপোর্টার

ইলিশের প্রজনন ও বংশবিস্তার সুরক্ষায় ২২ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষ হলেও চাঁদপুরের নদী ও বাজারে প্রত্যাশিত ইলিশের প্রাচুর্য দেখা যাচ্ছে না।

নিষেধাজ্ঞা-পরবর্তী প্রথম দুই দিন সরবরাহ বাড়লেও কয়েক দিনের ব্যবধানে তা আশঙ্কাজনকভাবে কমে গেছে। এর প্রভাবে দেশের অন্যতম পরিচিত ইলিশ বাণিজ্যকেন্দ্র চাঁদপুরের রেলওয়ের বড় স্টেশন মাছঘাটে কমেছে ট্রলারের আনাগোনা, স্থবির হয়ে পড়েছে পাইকারি বেচাকেনা। অন্যদিকে সরবরাহ সংকটে বাজারে প্রতি কেজি ইলিশের দাম বেড়েছে ৩০০ থেকে ৪০০ টাকা। ফলে মৌসুমের শেষ সময়ে এসে ইলিশের বাজারে তৈরি হয়েছে নতুন অস্থিরতা, বাড়তি দামের চাপে পড়েছেন সাধারণ ক্রেতারা।

বুধবার (৪ নভেম্বর) সকালে চাঁদপুরের ঐতিহ্যবাহী বড় স্টেশন মৎস্য অবতরণ কেন্দ্রে সরেজমিনে দেখা যায়, যেখানে অন্যান্য বছর এ সময়ে ইলিশবোঝাই অসংখ্য ট্রলারের উপস্থিতিতে মুখর থাকত পুরো ঘাট, সেখানে এবার নেমে এসেছে অস্বাভাবিক নীরবতা। সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত ঘাটে ইলিশ বিক্রির জন্য এসেছে মাত্র একটি মাছ ধরার নৌকা। অথচ স্বাভাবিক মৌসুমে এ ঘাটে প্রতিদিন শত শত মণ ইলিশের বেচাকেনা হতো।

মেঘনা ও ডাকাতিয়া নদীর তীরবর্তী এই মৎস্য অবতরণ কেন্দ্রে অল্প কিছু ইলিশ কয়েকটি আড়তের সামনে বিক্রি হতে দেখা যায়। মাছের আমদানি কম থাকায় পাইকারি ক্রেতাদের উপস্থিতিও ছিল সীমিত। দেশের বিভিন্ন জেলায় ইলিশ পাঠানোর তৎপরতাও কমে এসেছে। বরং স্থানীয় খুচরা বিক্রেতাদের উপস্থিতিই ছিল তুলনামূলক বেশি।



খুচরা ইলিশ বিক্রেতা শামীম হোসেন জানান, ২২ দিনের নিষেধাজ্ঞা শেষ হওয়ার পর প্রথম দুই দিন প্রতিদিন আড়াই হাজার থেকে তিন হাজার মণ ইলিশের আমদানি হয়েছিল। ওই সময় চট্টগ্রাম থেকেও প্রচুর ইলিশ এসেছিল। কিন্তু দুই দিন পর থেকেই সরবরাহ কমতে শুরু ● ২-এর পাতায় দেখুন

৭৭ জেলা ও মহানগরে জামায়াতের নতুন আমির ঘোষণা, ২০ জেলায় পরিবর্তন

দিগন্ত ডেস্ক

আগামী ২০২৭-২০২৮ সেশনের জন্য ৭৭টি জেলা ও মহানগরে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমিরদের নাম ঘোষণা করা হয়েছে। এতে ২০টি জেলা ও চারটি মহানগরে আমির পদে পরিবর্তন এসেছে। বাকি শাখাগুলোতে আগের দায়িত্বশীলরাই পুনর্নির্বাচিত হয়েছেন।

এ ছাড়া কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী, কুমিল্লা মহানগরে ভোটগ্রহণ এবং জামালপুর জেলায় ফল প্রকাশের পর্ব স্থগিত রয়েছে বলে জানা গেছে।

বুধবার রাজধানীর মগবাজারে দলের কেন্দ্রীয় কার্যালয়ে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠকে ২০২৭-২০২৮ সেশনের জন্য নির্বাচিত আমিরদের নাম ঘোষণা করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

এর আগে দলের রুকনদের (সদস্য) ● ২-এর পাতায় দেখুন

মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী চাঁদপুর জেলা জামায়াতের আমির পুনরায় নির্বাচিত

স্টাফ রিপোর্টার

দ্বিতীয়বারের মতো বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলা শাখার আমির নির্বাচিত হয়েছেন মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী। স্থানীয় জামায়াতের নেতা-কর্মীদের মধ্যে আনন্দ-উচ্ছ্বাস।



বুধবার (৪ নভেম্বর) বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে ২০২৭-২৮ কার্যকালের জন্য নির্বাচিত জেলা ও মহানগর আমিরদের তালিকা প্রকাশ করা হয়। ২০২৭-২৮ কার্যকালের জন্য মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী পুনরায় চাঁদপুর জেলা আমির নির্বাচিত হয়েছেন। এবার জেলার ১৫'শ জন রোকন সরাসরি ভোট দিয়ে তাকে নির্বাচিত করেছেন।

এর আগে ২০২৫-২৬ কার্যকালের জন্য তিনি প্রথমবার জেলা আমির নির্বাচিত হন। তিনি জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শুরার সদস্য। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে চাঁদপুর-৪ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী ছিলেন মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী।

মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী ১৯৮০ সালে ফরিদগঞ্জ নোয়াপাড়া দাখিল মাদরাসা থেকে দাখিল পাস করেন। ১৯৮২ ও ৮৪ সালে লতিগঞ্জ সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে আলিম ও ফাজিল পাস করেন, ১৯৮৬ সালে ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসা থেকে কৃতিত্বের সাথে কামিল পাস করেন এবং ১৯৮৮ সালে চাঁদপুর সরকারী কলেজ থেকে ডিগ্রি পাস করেন।

ছাত্রজীবনেই তিনি বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের রাজনীতির সাথে যুক্ত হন। ১৯৮১-১৯৮৬সাল পযর্ন্ত ফরিদগঞ্জ উপজেলা সভাপতি ছিলেন। ১৯৮৮সাল পযর্ন্ত চাঁদপুর শহর শিবিরের সভাপতি ছিলেন, ১৯৮৮-৯০ পযর্ন্ত জেলা শিবিরের সেক্রেটারী ছিলেন। এবং ১৯৯২ সাল পর্যন্ত চাঁদপুর জেলা শিবিরের ● ২-এর পাতায় দেখুন



মার্কিন সিনেটে আবারও জয়ী চাঁদপুরের সন্তান মাসুদুর রহমান

দিগন্ত ডেস্ক

মার্কিন যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত এমডি মাসুদুর রহমান। কানেকটিকাট অঙ্গরাজ্যের স্টেট সিনেটের ৪ নম্বর আসনে তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী রিপাবলিকান প্রার্থী জেন জেনিংসকে পরাজিত করেন। স্থানীয় সংবাদমাধ্যম 'সিটি ইনসাইডার'-এর প্রাথমিক ফলাফলে তাঁর এই জয়ের খবর নিশ্চিত করা হয়েছে।এর আগে ২০২২ সালে প্রথমবারের মতো কানেকটিকাটের স্টেট সিনেটর নির্বাচিত হন মাসুদুর রহমান। পরবর্তীতে ২০২৪ সালের নির্বাচনে ৩৩ হাজার ৯৯ ভোট পেয়ে দ্বিতীয়বারের মতো বিজয়ী হন। এবারের নির্বাচনেও জয়ের ধারা অব্যাহত রেখে নিজের আসনটি ধরে রাখলেন তিনি।মাসুদুর রহমানের বিজয়ের খবরে উৎসবের আমেজ বিরাজ করছে তাঁর পৈতৃক ভিটা বাংলাদেশের চাঁদপুর জেলার হাজীগঞ্জে। তিনি উপজেলার ৬ নম্বর বড়কুল পূর্ব ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড সোনাইমুড়ি গ্রামের পাটওয়ারী বাড়ির প্রয়াত নুরুল হক পাটওয়ারীর সন্তান। ৪ ভাই ও ৩ বোনের মধ্যে তিনি তৃতীয়।

গ্রামের মাটিতেই কেটেছে মাসুদুর রহমানের শৈশব ও কৈশোর।
● ২-এর পাতায় দেখুন

যত্রতত্র পোস্টার লাগানো বন্ধে চাঁদপুর জেলা প্রশাসনের কড়া বার্তা

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরের সৌন্দর্য, পরিচ্ছন্নতা ও নান্দনিকতা বজায় রাখতে যত্রতত্র পোস্টার লাগানোর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে জেলা প্রশাসন। সরকারি-বেসরকারি স্থাপনা, বৈদ্যুতিক খুঁটি ও দেওয়ালে যত্রতত্র পোস্টার না লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কঠোর অনুরোধ জানানো হয়েছে। একইসঙ্গে ইতোমধ্যে টানানো অবৈধ পোস্টারগুলো নিজ দায়িত্বে অপসারণের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। সম্প্রতি জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রকাশিত এক গণবিজ্ঞপ্তিতে এই নির্দেশনার কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শহরের দেওয়াল, বাসাবাড়ি ও বিভিন্ন প্রতিষ্ঠানের সীমানাপ্রাচীর, বৈদ্যুতিক খুঁটি, গাছ, সড়ক বিভাজক, সেতু, কালভার্টসহ কোনো ধরনের সরকারি-বেসরকারি স্থাপনা ● ২-এর পাতায় দেখুন



হাজীগঞ্জ উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক।

হাজীগঞ্জ উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা মাদক নির্মূল ও চুরি রোধে কঠোর পদক্ষেপ নিলেন সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় মাদক নির্মূল ও চুরি রোধে নানামুখী কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইবনে আল জায়েদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক। সভায় প্রধান অতিথি চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) আসনের জাতীয় সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক সবার মতামতের ভিত্তিতে এসব সিদ্ধান্ত ● ২-এর পাতায় দেখুন



শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে দিকনির্দেশনা দিচ্ছেন শিক্ষা বিভাগের কর্মকর্তারা।

হাজীগঞ্জ-মতলব উত্তরের ৬ শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করলেন শিক্ষা কর্মকর্তারা

স্টাফ রিপোর্টার

হাজীগঞ্জ ও মতলব উত্তর উপজেলার ৬টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন শিক্ষা বিভাগের কর্মকর্তারা। গত ৪ ও ৫ নভেম্বর দুই দিনব্যাপী এই পরিদর্শন কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গত ৪ নভেম্বর হাজীগঞ্জ উপজেলার মেনাপুর বাদশা মিয়া উচ্চ বিদ্যালয়, মেনাপুর বাদশা মিয়া বালিকা উচ্চ বিদ্যালয় এবং রাজাপুর ফাযিল ডিগ্রী মাদ্রাসা পরিদর্শন করা হয়। এ সময় সঙ্গে ছিলেন সহকারী পরিদর্শক মোঃ আজিজুল হক। পরদিন ৫ নভেম্বর মতলব ● ২-এর পাতায় দেখুন

অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি চাঁদপুরে ৩ প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুরের পুরানবাজারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি, ফ্রিজে বাসি খাবার সংরক্ষণ, পুরানো চালে তেল মিশিয়ে চকচকে করে বিক্রি এবং মূল্য তালিকা না রাখার অপরাধে তিনটি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার (৫ অক্টোবর) দুপুরে শহরের পুরানবাজার এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি ও ফ্রিজে বাসি খাবার বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণের দায়ে মাস্টার ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ডাকাতিসহ ১৯ মামলার আসামি ফিরোজ বাবু গ্রেফতার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার এখলাছপুর এলাকায় অভিযান চালিয়ে ডাকাতি ও মাদকসহ ১৯টি মামলার আসামি মো. ফিরোজ বাবুকে (৩৬) গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকালে মতলব উত্তর থানা পুলিশের একটি দল উপজেলার এখলাছপুর এলাকায় এ অভিযান পরিচালনা করে। একই দিন বিকেলে বিষয়টি নিশ্চিত করেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর।

পুলিশ সুপার (এসপি) মো. মিজানুর রহমানের দিকনির্দেশনায় এবং মতলব সার্কেলের সহকারী পুলিশ সুপার জাবীর হুসনাইন সানীব ও মতলব উত্তর থানার ওসি নেতৃত্বে অভিযানটি পরিচালিত হয়। অভিযানে এসআই (নিরস্ত্র) জীবন চৌধুরীর নেতৃত্বে পুলিশের একটি দল ফিরোজ বাবুকে গ্রেফতার করে। গ্রেফতার ফিরোজ বাবু মতলব উত্তর উপজেলার এখলাছপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বেপারী বাড়ির বাসিন্দা। তার বাবার নাম মজিবুর রহমান বেপারী।

মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া বলেন, গ্রেফতার ফিরোজ বাবু এলাকায় ডাকাতি ও মাদক কারবারের সঙ্গে জড়িত। তার বিরুদ্ধে বিভিন্ন অপরাধে মোট ১৯টি মামলা রয়েছে। এর মধ্যে হেরোইন, ইয়াবা ও গাঁজাসংক্রান্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৫টি মামলা, ডাকাতির তিনটি মামলা এবং অন্যান্য অপরাধে একটি মামলা রয়েছে। গ্রেফতার আসামিকে বিকেলে চাঁদপুর আদালতে সোপর্দ করা হয়েছে।



ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা সভাপতির ইন্তেকাল, বিভিন্ন মহলের শোক

স্টাফ রিপোর্টার

ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সভাপতি হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমান (৪৫) আর নেই। চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টায় রাজধানীর ঢাকা আল-কারীম জেনারেল হাসপাতালে তিনি ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন কন্যা, দুই পুত্রসহ অসংখ্য আত্মীয়স্বজন, শুভাকাঙ্ক্ষী ও গুণগ্রাহী রেখে গেছেন।

হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমান দীর্ঘদিন ধরে ইসলামী আন্দোলনের রাজনীতি ও সাংগঠনিক কার্যক্রমের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। ছাত্রজীবন থেকেই পীর সাহেব চরমোনাইয়ের নেতৃত্বাধীন ইসলামী ছাত্র আন্দোলনের মাধ্যমে তার সাংগঠনিক পথচলার শুরু। পরবর্তীতে ধাপে ধাপে ইসলামী আন্দোলন বাংলাদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন তিনি।

মরহুমের জানাজা গতকাল বৃহস্পতিবার বাদ আছর দক্ষিণ রঘুনাথপুর ইয়াকুব আলী বেপারি বাড়ি জামে মসজিদ প্রাঙ্গনে ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর প্রেস ক্লাবে দিনব্যাপী স্বাস্থ্যসেবা ক্যাম্পে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

সাংবাদিকদের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প
স্বাস্থ্যসেবা ক্যাম্প চাঁদপুর প্রেসক্লাবে ইতিহাস হয়ে থাকবে
-----জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং তাঁদের পরিবারের সদস্যদের জন্য দ্বিতীয়বারের মতো দিনব্যাপী বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা, চক্ষু পরীক্ষা ও সাধারণ স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল ৫ নভেম্বর (বৃহস্পতিবার) প্রেস ক্লাবের তৃতীয় তলার মিলনায়তনে এই মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রেস ক্লাব, চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরাম ও জেলা ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সদস্য এবং তাঁদের পরিবারসহ মোট ২৫০ জন এই সেবা গ্রহণ করেন।

চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। তিনি বলেন, "স্বাস্থ্যসেবা ক্যাম্প চাঁদপুর প্রেসক্লাবে ইতিহাস হয়ে থাকবে। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা থেকে চাঁদপুর প্রেস ক্লাব এই সুন্দর আয়োজন করেছে। এর মাধ্যমে জেলার সাংবাদিক ও তাঁদের পরিবার ব্যাপকভাবে উপকৃত হবেন।" দেশের প্রায় দেড় কোটি মানুষ ডায়াবেটিসে ভুগছেন উল্লেখ করে জেলা প্রশাসক প্রান্তিক পর্যায়ে নিয়মিত এই ধরনের স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসাসেবা নিশ্চিত করার ওপর জোর দেন।

প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম এ লতিফের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান এবং ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহবুবুর রহমান। পুলিশ সুপার তাঁর বক্তব্যে ধূমপান ও ক্ষতিকর খাবার পরিহার এবং সুস্থ থাকতে নিয়মিত ● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স

WALTON KONKA GREE এসহ কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

চাঁদপুর জেলা জামায়াতে ইসলামীর শোক

ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সভাপতি হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমান (৪৫) ইন্তেকাল করেছেন। চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টায় রাজধানীর এক হাসপাতালে তিনি ইন্তেকাল করেন। ● ২-এর পাতায় দেখুন

কাতার যাওয়ার আগেই প্রাণ গেল হাজীগঞ্জের তরিকের

স্টাফ রিপোর্টার

কাতার যাওয়ার দিন তারিখ প্রায়ই চূড়ান্ত। আর মাত্র ১২ দিন পর ১৫ নভেম্বর কাতারের উদ্দেশ্যে যাওয়ার কথা ছিল মোঃ তরিক (৩২) নামক যুবকের। স্ত্রী সন্তান ও বাবা -মায়ের স্বপ্ন ছিল তরিকের পাঠানো টাকা দিয়ে বাড়ী গাড়ী করবে। কিন্তু বিধাতার নিয়তির কাছে হার মানতে হলো তরিকের।

একটি মোটরসাইকেলের ধাক্কায় তার তাজা প্রাণ মুহূর্তের মধ্যেই নিঃশেষ হয়ে যায়। পরিবারের সকল স্বপ্ন ধুলিসাৎ হয়ে যায়। এমন মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে

মঙ্গলবার (৩ নভেম্বর) সকাল সাড়ে ৯টায় হাজীগঞ্জ উপজেলার রাজারগাঁও ইউনিয়নের মেনাপুর ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
৬ নভেম্বর ২০২৬
শুক্রবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন



চাঁদপুরে নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক সহ অতিথিবৃন্দ।

চাঁদপুরে নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২ উদ্বোধন

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে উৎসবমুখর পরিবেশে নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২-এর উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (৫ নভেম্বর) বিকেল ৩টায় চাঁদপুর সদর উপজেলা মিলনায়তনে কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২ এর উদ্বোধন করেন চাঁদপুর-৩ (সদর ও হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক। এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুরের জেলা ● ২-এর পাতায় দেখুন



বদরপুর আলিম মাদরাসার এডহক কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন।

বদরপুর আলিম মাদরাসার
এডহক কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি পেশ

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলার বদরপুর সিনিয়র (আলিম) মাদরাসার নবগঠিত এডহক কমিটির সভাপতি মনোনয়ন নিয়ে আপত্তি জানিয়ে কমিটি বাতিল ও পুনর্গঠনের দাবিতে মানববন্ধন করেছেন সাবেক শিক্ষার্থী ও সচেতন এলাকাবাসী। বৃহস্পতিবার (৫ নভেম্বর ২০২৬) তাঁরা এ দাবিতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করেন। মানববন্ধনে অংশগ্রহণকারীরা অভিযোগ করেন, ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে ৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার ৬ নভেম্বর ২০২৬, ২১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২৫ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300


৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে

চাঁদপুরে চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ

স্টাফ রিপোর্টার

৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চাঁদপুর জেলা বিএনপির আয়োজনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতিকৃতি ছবি আঁকা প্রতিযোগিতা ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ নভেম্বর) সন্ধ্যায় শহরের মুনিরা ভবনে চিত্রাংকন প্রতিযোগিতা ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক। তিনি তার বক্তব্যে বলেন, ৭ নভেম্বর ঐতিহাসিক জাতীয় বিপ্লব ও সংহতি দিবস। ১৯৭৫ সালের এই দিনে বাংলাদেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হয়েছিল। সিপাহি-জনতার ঐক্য, দেশপ্রেম এবং জাতীয় সংহতির যে বার্তা সেদিন উচ্চারিত হয়েছিল, তা আমাদের জাতীয় ইতিহাসে স্মরণীয় হয়ে আছে। এই দিন আমাদের শিক্ষা দেয়–জাতীয় ঐক্য, গণতন্ত্র, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি আরো বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের দেশপ্রেম, সাহস ও জাতীয় ঐক্যের ২-এর পাতায় দেখুন

বাংলাদেশ এআই বিজনেস সামিট ২০২৬-এ ড্যাফোডিল শিক্ষার্থীদের প্রকল্প উপস্থাপন

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি খাতে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সম্ভাবনা, চ্যালেঞ্জ এবং ব্যবসা ও শিল্পক্ষেত্রে এর ব্যবহারিক প্রয়োগ নিয়ে আয়োজিত 'বাংলাদেশ এআই বিজনেস সামিট ২০২৬'-এ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীদের তৈরি ১৬টি এআইভিত্তিক প্রকল্প উপস্থাপন করা হয়। শিক্ষা, স্বাস্থ্যসেবা, কৃষি, শিল্প, উদ্যোক্তা উন্নয়ন, নিরাপত্তা, যোগাযোগ এবং নগর অবকাঠামোর মতো বিভিন্ন ক্ষেত্রে বাস্তব সমস্যার প্রযুক্তিনির্ভর সমাধান তুলে ধরা হয় এসব প্রকল্পে। একই সঙ্গে সামিটে ডায়মন্ড স্পন্সর হিসেবে সহযোগিতা করে বিশ্ববিদ্যালয়। সামিটের অন্যতম গুরুত্বপূর্ণ অধিবেশন 'এআই ফর এভরিওয়ান: সলভিং রিয়েল প্রবলেমস উইথ লোকাল ইন্টেলিজেন্স'-এ মূল আলোচকদের একজন হিসেবে অংশ নেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও বোর্ড ২-এর পাতায় দেখুন


মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পে জলাবদ্ধতা নিরসণে সভায় সভাপতিত্ব করছেন ইউএনও মাহমুদা কুলসুম মনি।

মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পে সেচ ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা নিরসণে সভা

স্টাফ রিপোর্টার

মতলব উত্তর উপজেলায় অবস্থিত দেশের দ্বিতীয় বৃহত্তম মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পে পানি নিষ্কাশন, সেচ ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা নিরসনের সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে উপজেলা কনফারেন্স রুমে পানি ব্যবস্থাপনা অ্যাসোসিয়েশন ও পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে সভায় ইউএনও মাহমুদা কুলসুম মনির সভাপতিত্বে বক্তব্য দেন উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ ফয়সাল আলী, চাঁদপুর পানি উন্নয়ন বোর্ডের উপ-প্রকৌশলী সালাউদ্দিন, পানি ব্যবস্থাপনা অ্যাসোসিয়েশন সভাপতি মিয়া মনজুর আমিন স্বপন, প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেনসহ কৃষক প্রতিনিধিরা।

কচুয়ায় এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষার ফলাফল মূল্যায়নে পর্যালোচনা

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় এই প্রথম এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষা-২০২৬-এর ফলাফল মূল্যায়ন ও শিক্ষার মানোন্নয়ন বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার (৫ নভেম্বর ২০২৬) সকাল ১১টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। এবারের পরীক্ষার ফলাফলে ৯টি কলেজের পাশের হার ৩৯. ৯৬, জিপিএ ফাইভ প্রাপ্ত ০৩ জন ও ১৪ টি মাদ্রাসার ফলাফলের হার ৬৪.১৩, জিপিএ ফাইভ প্রাপ্ত ০৭জন ।
উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়ের সভাপতিত্বে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আলী আশরাফের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি



হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা সমন্বয়ক, আব্দুল ওয়াদুদ মজুমদার। সভায় বক্তব্য রাখেন আশেক আলী খান স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. মিজানুর রহমান , এম এ খালেক স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোশাররফ হোসেন, ড. মনসুরউদ্দিন মহিলা কলেজের অধ্যক্ষ শহিদুল ইসলাম, কচুয়া প্রেসক্লাবের সভাপতি মো: আতাউল করিম, কচুয়া টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ইন্সট্রাক্টর মো. ছগির আহমেদ, কচুয়া সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. মেহেদী হাসান, রহিমানগর কলেজের অধ্যক্ষ মো: মনিরুজ্জামান, নুরুল আজাদ কলেজের অধ্যক্ষ মোস্তফা কামাল, পালাখাল রুস্তম আলী ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. ইয়ার আহমেদ। এছাড়াও বক্তব্য রাখেন নিশ্চিন্তপুর ডি.এস. কামিল মাদ্রাসার অধ্যক্ষ এ.এস.এম. ফখরুদ্দিন, আশরাফপুর ২-এর পাতায় দেখুন


কচুয়া-গৌরিপুর সড়কের বাতাপুকুরিয়া এলাকায় সড়কের দুইপাশের আগাছা পরিস্কারে অংশ নেন ওসি আজিজুল ইসলাম ও শ্রমিকরা।

কচুয়ায় সড়কে ডাকাতি, চুরি ও ছিনতাই প্রতিরোধে ঝোপঝাড় পরিষ্কার

কচুয়া প্রতিনিধি

কচুয়া-গৌরীপুর সড়কে ডাকাতি, চুরি ও ছিনতাই প্রতিরোধ এবং জননিরাপত্তা নিশ্চিত করতে সড়কের দুই পাশের ঝোপঝাড় ও আগাছা পরিষ্কারের ব্যতিক্রমী উদ্যোগ নেওয়া হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ও বিতারা ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী মো. শাহিন পাটোয়ারীর উদ্যোগে শিমুলতলী-বাতাপুকুরিয়া সড়কের দুই পাশে এ পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু হয়।
এ কার্যক্রমের উদ্বোধন করেন কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিজুল ইসলাম। এ সময় তিনি নিজেও ঝোপঝাড় ও আগাছা পরিষ্কারের কাজে অংশ নেন। এ ছাড়া ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের পাশাপাশি নিয়োজিত শ্রমিকরাও এ কার্যক্রমে অংশগ্রহণ করেন। সড়কের দুই পাশে দীর্ঘদিন ধরে বেড়ে ওঠা ঝোপঝাড় ও ৩-এর পাতায় দেখুন


ফরিদগঞ্জে প্রেসক্লাব-বিএনপি সমঝোতা বৈঠকে সভাপতির বক্তব্য রাখছেন প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামাল।

ফরিদগঞ্জ প্রেসক্লাব-বিএনপি সমঝোতা বৈঠক, সংবাদ বর্জনের ঘোষণা স্থগিত

স্টাফ রিপোর্টার

ফরিদগঞ্জে সাংবাদিকদের সঙ্গে বিএনপির কয়েকজন নেতাকর্মীর অসদাচরণ, হুমকি ও লাঞ্ছনার অভিযোগে ঘোষিত সংবাদ বর্জনের কর্মসূচি স্থগিত করেছে ফরিদগঞ্জ প্রেসক্লাব। গত মঙ্গলবার (৩ নভেম্বর) সন্ধ্যার পর প্রেসক্লাব নেতৃবৃন্দের সঙ্গে বিএনপি নেতাদের এক সমঝোতা বৈঠকে সাংবাদিকদের নিরাপত্তা ও পেশাগত স্বাধীনতা নিশ্চিত করার আশ্বাসের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়।
ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামালের সভাপতিত্বে প্রেসক্লাব মিলনায়তনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিএনপির পক্ষে উপস্থিত ছিলেন দলটির ৩-এর পাতায় দেখুন

পুরাণবাজার ২নং বালক সপ্রাবি'র বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

শহর প্রতিনিধি

প্রাথমিক শিক্ষার উর্বর ভূমি থেকে মেধার আলো ছড়ানোর এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে চলেছে চাঁদপুরের ঐতিহ্যবাহী পুরাণবাজার ২নং বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়। বৃহস্পতিবার (৫ নভেম্বর, ২০২৬) বিকেল ৪টায় বিদ্যালয় প্রাঙ্গণে এক বর্ণিল, আনন্দঘন ও আবেগপ্রবণ পরিবেশে ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কৃতকার্য কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।
দুপুর গড়িয়ে যখন সোনালি রোদের আলো চারপাশকে স্নিগ্ধ করে তুলেছিল, ঠিক তখনই একে একে আসন গ্রহণ করেন বিদ্যালয়ের মেধাবী মুখগুলো। তাদের চোখে-মুখে ছিল ভবিষ্যতের স্বপ্ন এবং বিজয়ের দীপ্তি। কৃতি শিক্ষার্থীদের গলায় ফুলের মালা ও হাতে ফুল দিয়ে বরণ করে নেওয়ার পাশাপাশি তাদের হাতে তুলে দেওয়া হয় সম্মাননা স্মারক। আমন্ত্রিত অতিথিদের স্নেহাশ্রু আর পিতা- ২-এর পাতায় দেখুন


পুরাণবাজার ২নং বালক সপ্রাবিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা।

মধ্য নিশ্চিন্তপুর যুবসমাজের মাদক বিরোধী ফুটবল টুর্ণামেন্ট

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার মধ্য নিশ্চিন্তপুর যুবসমাজ কর্তৃক আয়োজিত মাদক বিরোধী ফুটবল টুর্ণামেন্ট-২০২৬ উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে খেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা বিএনপির ক্রীড়া সম্পাদক মেহেদী হাসান ইমু সরকার।
বক্তব্যে তিনি বলেন, মাদক একটি পরিবার, সমাজ ও রাষ্ট্রের জন্য মারাত্মক ক্ষতিকর। মাদক শুধু একজন ব্যক্তির জীবন ধ্বংস করে না, বরং একটি পরিবার ও সমাজকেও বিপর্যস্ত করে তোলে। যুবসমাজকে মাদকের ভয়াবহ ছোবল থেকে রক্ষা করতে খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও সামাজিক সচেতনতামূলক কার্যক্রম বাড়াতে হবে। মেহেদী হাসান ইমু আরো বলেন, ফুটবলসহ বিভিন্ন খেলাধুলা তরুণদের শারীরিক ও মানসিক বিকাশের পাশাপাশি মাদক ৩-এর পাতায় দেখুন

মতলবে শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

মতলব উত্তর প্রতিনিধি

শিক্ষার্থীদের পড়ালেখায় উৎসাহিত করা এবং শিক্ষার প্রতি আগ্রহ বাড়াতে মতলব উত্তরে এক হাজার ৫০০ শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করেছে মতলব যুব উন্নয়ন ও সমাজকল্যাণ সংস্থা।
বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকালে থেকে বিকেল পর্যন্ত উপজেলার ষাটনল ইউনিয়নের ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের মাঝে এ শিক্ষা উপকরণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।
এ উপলক্ষে সংগঠনের নেতারা সকাল থেকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ঘুরে শিক্ষার্থীদের হাতে কলম, খাতা ও স্কেল তুলে দেন। প্রথম দিন বাড়িভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্য কালিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব লালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম লালপুর সরকারি প্রাথমিক ৩-এর পাতায় দেখুন

ড্যাফোডিলের উদ্যোগে চাঁদপুর প্রেস ক্লাবে দুদিনব্যাপী সাংবাদিকতা প্রশিক্ষণ শুরু

স্টাফ রিপোর্টার

আধুনিক সাংবাদিকতায় কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার, পেশাগত নৈতিকতা এবং প্রযুক্তিনির্ভর সংবাদ পরিবেশনায় সাংবাদিকদের দক্ষতা বৃদ্ধিতে চাঁদপুর প্রেস ক্লাবে আজ থেকে শুরু হচ্ছে দুদিনব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালা। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উদ্যোগে এবং চাঁদপুর প্রেস ক্লাবের ব্যবস্থাপনায় আজ ৬ নভেম্বর ও কাল ৭ নভেম্বর (শুক্রবার ও শনিবার) এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। কর্মশালার মূল বিষয় নির্ধারণ করা হয়েছে 'আধুনিক সাংবাদিকতা ও কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব'। চাঁদপুর প্রেস ক্লাবের ইতিহাসে এই প্রথম এত বৃহৎ পরিসরে আধুনিক সাংবাদিকতা ও এআই ৩-এর পাতায় দেখুন

প্যাপিরাস পাঠাগারের 'আন্দরকিল্লা' ম্যাগাজিনের মোড়ক উন্মোচন

শহর প্রতিবেদক

মুহম্মদ নুরুল আফসার সম্পাদিত এবং চট্টগ্রাম থেকে প্রকাশিত শিল্প-সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক নিয়মিত ম্যাগাজিন 'আন্দরকিল্লা'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করে প্যাপিরাস পাঠাগার। বৃহস্পতিবার ৫ নভেম্বর সন্ধ্যা ৬টায় পাঠাগার কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
প্যাপিরাস পাঠাগারের সভাপতি ও বাঁশি উৎসবের রূপকার অ্যাডভোকেট রফিকুজ্জামান রণির ৩-এর পাতায় দেখুন

'চাঁদপুর চারুশিল্পী পরিষদ' এর আত্মপ্রকাশ

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের চারুকলাকে সমৃদ্ধ করতে এবং জেলার শিল্পচর্চাকে আরও গতিশীল করার লক্ষ্যে একঝাঁক অভিজ্ঞ চিত্রশিল্পীর সমন্বয়ে আত্মপ্রকাশ করেছে 'চাঁদপুর চারুশিল্পী পরিষদ'। গত বুধবার রাতে শহরের আদালত পাড়াস্থ 'মেইড ইন চাঁদপুর' স্টুডিওতে এক সভার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এই নতুন সংগঠনের আত্মপ্রকাশ ঘটে। সংগঠনটির প্রতিষ্ঠাকালীন সদস্যরা হলেন– বিশিষ্ট চিত্রশিল্পী ও সংগঠক ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালনকল্পে প্রস্তুতি সভা

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলায় ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালনকল্পে এক প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার (৫ নভেম্বর) বিকালে উপজেলা শিল্পকলা একাডেমিতে আয়োজিত প্রস্তুতিমূলক সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর


মতলব উত্তরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালনকল্পে প্রস্তুতি সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার।

জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার। বক্তব্যে আলমগীর সরকার বলেন, ৭ নভেম্বর বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দিন। এই দিনটি আমাদের জাতীয় ঐক্য, সংহতি, দেশপ্রেম ও গণতান্ত্রিক চেতনার কথা স্মরণ করিয়ে দেয়। তিনি আরও বলেন, আমি বিশ্বাস করি, জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের চেতনাকে ধারণ করে আমাদের সবাইকে দেশের স্বাধীনতা, ৩-এর পাতায় দেখুন

বিষ্ণুপুরে চেয়ারম্যান প্রার্থী আখতার হোসেন বকাউলের ক্রীড়া সামগ্রী বিতরণ

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ১নং বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী ও ইউনিয়ন বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক আখতার হোসেন বকাউল শিশু-কিশোরদের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ করেছেন।
বুধবার (৪ নভেম্বর) বিকেলে ইউনিয়নের ৭নং ওয়ার্ডের লালপুর মাছঘাট সংলগ্ন এলাকায় শিশু-কিশোরদের হাতে এসব ক্রীড়া সামগ্রী তুলে দেন তিনি।
এ সময় আখতার হোসেন বকাউল বলেন, খেলাধুলার সঙ্গে শিশু-কিশোররা সম্পৃক্ত থাকলে তারা মাদকসহ বিভিন্ন সামাজিক অপরাধ থেকে দূরে থাকবে।
উল্লেখ্য, আখতার হোসেন বকাউল বিগত কয়েকটি নির্বাচনে বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে প্রার্থী হয়েছিলেন। এবারও তিনি চেয়ারম্যান পদে প্রার্থী হিসেবে নির্বাচনী কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। ইতোমধ্যে জেলা বিএনপির নির্দেশনা অনুযায়ী তিনি ডোপ টেস্টও সম্পন্ন করেছেন।
ক্রীড়া সামগ্রী বিতরণকালে উপস্থিত ৩-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরেটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সহকারী রেজিস্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মস্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত

শুক্রবার ॥ ৬ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

অচল যন্ত্রপাতি, শূন্য পদ হাওরাঞ্চলের স্বাস্থ্যসেবার করুণ চিত্র

হাওরবেষ্টিত সুনামগঞ্জের ধর্মপাশা ও পাশের মধ্যনগর উপজেলার তিন লক্ষাধিক মানুষের স্বাস্থ্যসেবার অন্যতম প্রধান ভরসাস্থল ধর্মপাশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। কিন্তু অবকাঠামো ও কোটি টাকা মূল্যের চিকিৎসা সরঞ্জাম থাকা সত্ত্বেও শুধু চিকিৎসক ও প্রয়োজনীয় জনবলের অভাবে চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে সেখানকার মানুষ। বন্ধ রয়েছে এক্স-রে ও আলট্রাসনোগ্রাম সেবা, আর দক্ষ সার্জন ও অ্যানেসথেটিস্ট না থাকায় অব্যবহৃত পড়ে থেকে নষ্ট হচ্ছে আধুনিক অপারেশন থিয়েটার। প্রান্তিক এলাকায় সরকারি চিকিৎসাকেন্দ্রে এমন অব্যবস্থাপনা ও অবহেলার চিত্র কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। প্রতিবেদনে স্পষ্টভাবে উঠে এসেছে হাসপাতালটির দীর্ঘদিনের সংকটের চিত্র। ২০১৫ সালে স্বাস্থ্য কমপ্লেক্সটিকে ৫০ শয্যায় উন্নীত করা হলেও প্রয়োজনীয় জনবল বাড়িয়ে সেবার পরিধি বাড়ানো হয়নি। চিকিৎসকের ৩৬টি অনুমোদিত পদের মধ্যে ২৫টিই বছরের পর বছর ধরে শূন্য পড়ে আছে। গাইনি, সার্জারি, মেডিসিন ও অ্যানেসথেসিয়ার মতো জরুরি বিষয়ের কোনো জুনিয়র কনসালট্যান্ট নেই। প্রতিদিন যেখানে বহির্বিভাগ ও জরুরি বিভাগে ৪০০ থেকে ৪৫০ প্রসূতি, শিশু ও সাধারণ রোগী চিকিৎসা নিতে আসেন, সেখানে মাত্র ১১ জন চিকিৎসক নিয়ে রোগীদের সেবা দিতে গিয়ে হাসপাতাল কর্তৃপক্ষকে হিমশিম খেতে হচ্ছে।

চাঁদপুরে নতুন কুঁড়ি

প্রশাসক আহমেদ জিয়াউর রহমান, পুলিশ সুপার মো. মিজানুর রহমান, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট সলিম উল্লাহ সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক, জেলা সিভিল সার্জন ডা. মোহাম্মদ নূর আলম দ্বীন, চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএমএন জামিউল হিকমা, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, পৌর বিএনপির সভাপতি মো. আক্তার হোসেন মাঝি, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ফয়সাল গাজী বাহার এবং জেলা ক্রীড়া কর্মকর্তা আফাজ উদ্দিনসহ আমন্ত্রিত অতিথিরা। অনুষ্ঠানে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কয়েক শতাধিক শিক্ষার্থী স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। তাদের অংশগ্রহণে আয়োজনটি প্রাণবন্ত হয়ে ওঠে।

নতুন কুঁড়ি স্পোর্টসের এ আয়োজনের মধ্য দিয়ে শিশু-কিশোরদের খেলাধুলায় আগ্রহী করে তোলা, তাদের সুপ্ত ক্রীড়া প্রতিভা বিকাশ এবং ভবিষ্যতের দক্ষ খেলোয়াড় গড়ে তোলার সুযোগ তৈরি হবে বলে প্রত্যাশা সংশ্লিষ্টদের। সারাদেশে একযুগে উদ্বোধনকৃত এ খেলায় অংশগ্রহণ করার মধ্য দিয়ে শিক্ষার্থীদের লেখাপড়ায় মনোযোগী, মাদক থেকে ফিরিয়ে আনাসহ খুবই কার্যকর হবে বলেও জানান অভিভাবক ও শিক্ষকরা।

কাতার যাওয়ার আগেই প্রাণ

বাদশা মিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে।

নিহত তরিক মতলব দক্ষিণ উপজেলার ডিঙ্গাভাঙ্গা গ্রামের লিয়াকত আলীর ছেলে। স্থানীয় এলাকাবাসী ও পারিবারিক সূত্রে জানা গেছে তরিক ওইদিন সকালে মতলবের ডিংগাভাংগা নিজ বাড়ী থেকে বাইসাইকেল চালিয়ে হাজীগঞ্জ উপজেলার মেনাপুর গ্রামে তার মামা শ্বশুর বাড়িতে যাচ্ছিলেন।

মেনাপুর বাদশা মিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে যাওয়ার পর বিপরীত দিক থেকে আসা দ্রুতগতিতে চালিয়ে আসা মোটরসাইকেলটি তাকে ধাক্কা দেয়।

সাথে সাথে তরিক রাস্তায় ছিটকে পড়ে যায় এবং মাথায় প্রচন্ড আঘাত পায়। স্থানীয় এলাকাবাসী সাথে সাথে তাকে উদ্ধার করে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে নিয়ে গেলে জরুরি বিভাগের চিকিৎসক মৃত ঘোষণা করেন। দুর্ঘটনার পর মোটরসাইকেল চালক ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও পরে তার পরিচয় পাওয়া গেছে। তার নাম মোস্তাফিজুর রহমান (২২),পিতা-বাবুল প্রধানিয়া, মাতা- শাহিনুর বেগম, গ্রাম- মকুন্দশার।

এদিকে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক পংকজ জানান, যুবককে হাসপাতালে মৃত অবস্থায় আনা হয়েছে।

নিহতের পারিবারিক সূত্র গেছে,তরিক চলতি মাসের ১৫ তারিখ কাতার যাওয়ার সকল প্রস্তুতি প্রায় শেষের দিকে ছিল।নিয়তির কি পরিহাস ১২ দিন আগেই দুর্ঘটনায় পাণ দিতে হলো তাকে।তরিকের মৃত্যুতে পরিবার পরিজন ছাড়াও পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ইসলামী আন্দোলন বাংলাদেশ

অনুষ্ঠিত হয় এবং পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

উক্ত জানাযায় ইসলামী আন্দোলন বাংলাদেশ এর কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব আব্দুল কাইয়ূম, দফতর সম্পাদক লোকমান হোসেন জাফরী, কেন্দ্রীয় উপপদেষ্টা আল্লামা মুকবুল হোসাইন, জেলা জামায়াতের সেক্রেটারি অ্যাডভোকেট শাহজাহান মিয়া, জেলা ইসলামী আন্দোলনের প্রধান উপদেষ্টা শেখ মুহাম্মদ জয়নাল আবদিনসহ দেশবরেণ্য ওলামায়ে কেরাম ও বিভিন্ন দলের জেলা রাজনীতিবিদরা উপস্থিত হয়ে মরহুমের জন্য দোয়া কামনা করেন।

২০২৫ সালের ৫ ফেব্রুয়ারি তিনি ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে সংগঠনের জেলা সভাপতির দায়িত্ব পালন করে আসছিলেন।

এর আগে তিনি ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখার সভাপতি ছিলেন। পরবর্তীতে কেন্দ্রীয় পর্যায়ে ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশের প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেন।

চাঁদপুর জেলা সভাপতির দায়িত্ব গ্রহণের আগে ঢাকায় অবস্থানকালে তিনি ইসলামী আন্দোলন বাংলাদেশের মহানগর দক্ষিণ শাখার বিভিন্ন সাংগঠনিক দায়িত্ব পালন করেন। দীর্ঘ রাজনৈতিক ও সাংগঠনিক জীবনে চাঁদপুরসহ দেশের বিভিন্ন অঞ্চলে একজন পরিচিত ও গ্রহণযোগ্য সংগঠক হিসেবে তার ব্যাপক পরিচিতি ছিল।

রাজনৈতিক ও সাংগঠনিক কর্মকাণ্ডের পাশাপাশি তিনি ব্যবসার সঙ্গেও জড়িত ছিলেন। তিনি মাহির প্রিন্টার্সের স্বত্বাধিকারী ছিলেন। প্রিন্টিং ব্যবসায় মাহির প্রিন্টার্স ব্যাপক পরিচিতি লাভ করে।

তার মৃত্যুতে ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা শাখাসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে। একজন অভিজ্ঞ সংগঠক ও নিবেদিতপ্রাণ ইসলামী আন্দোলনের কর্মী হিসেবে তার মৃত্যুতে সংগঠন একজন গুরুত্বপূর্ণ নেতাকে হারাল বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

জেলা ইসলামী আন্দোলন বাংলাদেশের শোক

সংগঠনের জেলা সিনিয়র সহ-সভাপতি অধ্যক্ষ গাজী হানিফ ও সাধারণ সম্পাদক মাওলানা নুরুদ্দিন খান গভীর শোক প্রকাশ করে বলেন, মাওলানা মাকসুদ দ্বীন প্রতিষ্ঠার সংগ্রামে একজন যোগ্য ও নিবেদিতপ্রাণ নেতা ছিলেন। তাঁর আকস্মিক মৃত্যুতে সংগঠনের এক অপূরণীয় ক্ষতি হলো।

হেফাজতে ইসলাম বাংলাদেশের শোক

হেফাজতে ইসলাম চাঁদপুর জেলা শাখার সভাপতি মাওলানা লিয়াকত হোসাইন ও সাধারণ সম্পাদক মুফতি মাহবুবুর রহমান এক শোকবার্তায় বলেন, মত ও সংগঠনের ভিন্নতা সত্ত্বেও আলেম-উলামাদের সঙ্গে তাঁর সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ছিল। তাঁর ইন্তেকালে চাঁদপুরের ইসলামী অঙ্গনে এক অপূরণীয় শূন্যতার সৃষ্টি হয়েছে।

বাংলাদেশ খেলাফত মজলিসের শোক

সংগঠনের জেলা সভাপতি মাওলানা লিয়াকত হুসাইন ও সাধারণ সম্পাদক মাওলানা হাবিবুর রহমান যৌথ বিবৃতিতে মরহুমের রূহের মাগফিরাত কামনা করে বলেন, মাওলানা মাকসুদুর রহমান ব্যক্তিগত জীবনে উত্তম আচরণ ও সদালাপের অধিকারী ছিলেন।

খেলাফত মজলিসের শোক

খেলাফত মজলিস চাঁদপুর জেলা শাখার সভাপতি মাওলানা তোফায়েল আহমদ ও সাধারণ সম্পাদক মাওলানা আবুল কালাম আজাদ গভীর দুঃখ প্রকাশ করে বলেন, বাবার ইন্তেকালের শোক কাটিয়ে ওঠার আগেই মাওলানা মাকসুদুর রহমানের আকস্মিক মৃত্যু সবাইকে গভীরভাবে শোকাহত করেছে। দ্বীনি অঙ্গনে তাঁর অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণীয় থাকবে।

মার্কিন সিনেটে আবারও

হাজীগঞ্জ সরকারি মডেল পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ থেকে এসএসসি এবং কুমিল্লা কমার্স কলেজ থেকে এইচএসসি পাস করার পর তিনি যুক্তরাষ্ট্রে পাড়ি জমানো এবং পরবর্তীতে মার্কিন নাগরিকত্ব লাভ করেন। বর্তমানে পরিবার-পরিজন নিয়ে সেখানেই স্থায়ীভাবে বসবাস করছেন।

যুক্তরাষ্ট্রের আইনসভায় মাসুদুর রহমানের এই ধারাবাহিক সাফল্য প্রবাসীদের পাশাপাশি তাঁর জন্মভূমি বাংলাদেশের মুখও উজ্জ্বল করেছে।

মাদক নির্মূল ও চুরি রোধে

ঘোষণা করেন। অনুষ্ঠিত সভায় সংসদ সদস্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও স্থানীয় কর্মকর্তাদের কাছ থেকে এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতির বিবরণ শোনেন। মাদক ও চুরি রোধে গৃহীত নতুন সিদ্ধান্তের মধ্যে রয়েছে–শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী র‌্যালি ও সমাবেশ করা, পরিবার ও সমাজে সচেতনতা বৃদ্ধি এবং আটককৃত মাদক কারবারি ও সেবনকারীদের ছবিসহ গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা।

এছাড়া চুরিরোধে ইউনিয়ন পর্যায়ে ভাঙ্গারি ব্যবসার দোকান বন্ধ ও ট্রেড লাইসেন্স বাতিল, রাতে পুলিশি টহল বৃদ্ধি এবং গ্রামাঞ্চলে রাত ৯টার পর সব দোকানপাট বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় বক্তব্য রাখেন হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ কাওসার আলম ভূঁইয়া, উপজেলা প্রকৌশলী কাজী কামরুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা মোঃ শাহাদাত হোসেন, হাজীগঞ্জ মডেল সরকারি হাইস্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোঃ আবু সাইদ, উপজেলা বিএনপির সদস্য সচিব এম এ রহিম পাটওয়ারী, হাজীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি মোঃ কামরুজ্জামান টুটুল ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান পাপ্পু প্রমুখ।

উল্লেখ্য, বর্তমান সংসদের প্রথম অধিবেশনে মাদক প্রতিরোধ আইনে সর্বোচ্চ সাজার বিধান করার জন্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক এমপি যে প্রস্তাব করেছিলেন, তা গৃহীত হয়ে আইন পাস হয়েছে এবং অচিরেই তা কার্যকর হবে বলে সভায় জানানো হয়।

এডহক কমিটি বাতিলের

মাদরাসার এডহক কমিটির সভাপতি মনোনয়নের ক্ষেত্রে স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ এবং চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে পাঠানো প্রস্তাবিত তালিকায় মো. ইউনূছের নাম অন্তর্ভুক্ত ছিল। তবে তাঁদের দাবি, প্রস্তাবিত তালিকার বাইরে থেকে ফখরুল আলমকে সভাপতি মনোনীত করে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড গত ৪ নভেম্বর ২০২৬ তারিখে কমিটি অনুমোদন দিয়েছে।

এ ঘটনায় সভাপতি মনোনয়নের প্রক্রিয়া ও প্রস্তাবিত তালিকার বাইরে থেকে মনোনয়নের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলে অংশগ্রহণকারীরা বলেন, একটি ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা ও উন্নয়নের স্বার্থে কমিটি গঠনে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রচলিত বিধিবিধানের যথাযথ অনুসরণ নিশ্চিত করা প্রয়োজন।

স্মারকলিপিতে অনুমোদিত এডহক কমিটির মনোনয়ন প্রক্রিয়া পর্যালোচনা, প্রয়োজনীয় তদন্ত ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ, বিদ্যমান কমিটি বাতিলের উদ্যোগ এবং সংশ্লিষ্ট সুপারিশ ও প্রস্তাবিত তালিকা বিবেচনায় নিয়ে নতুন কমিটি গঠনের দাবি জানানো হয়।

এ ছাড়া স্থানীয় শিক্ষক, অভিভাবক, শিক্ষানুরাগী ও সচেতন এলাকাবাসীর মতামতকে গুরুত্ব দিয়ে একটি গ্রহণযোগ্য ও স্বচ্ছ প্রক্রিয়ায় নতুন এডহক কমিটি গঠনের আহ্বান জানানো হয়।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়, এ উদ্যোগ কোনো ব্যক্তিগত বিরোধ বা বিদ্বেষ থেকে নয়; বরং মাদরাসার শিক্ষার সুষ্ঠু পরিবেশ, প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহিতা ও সার্বিক উন্নয়নের স্বার্থে নেয়া হয়েছে।

এ সময় স্মারকলিপির সঙ্গে স্থানীয় সংসদ সদস্যের সুপারিশপত্র, জেলা প্রশাসকের কার্যালয় থেকে পাঠানো প্রস্তাবিত তালিকা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অনুমোদনপত্র এবং অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করার কথা জানানো হয়।

স্বাস্থ্যসেবা ক্যাম্প চাঁদপুর

শরীরচর্চা ও স্বাস্থ্য পরীক্ষার পরামর্শ দেন।

মেডিকেল ক্যাম্পে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতাল, চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল এবং চাঁদপুর বিএনএসবি মাজহারুল হক চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল টিম দিনব্যাপী সেবা প্রদান করেন। ক্যাম্প থেকে রোগীদের বিনামূল্যে পরামর্শের পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ, রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা, রক্তের গ্রুপ নির্ণয় এবং চশমা বিতরণ করা হয়। সফলভাবে এই ক্যাম্প আয়োজনের দায়িত্বে ছিল এম আর ইসলাম বাবুকে আহ্বায়ক করে গঠিত একটি উপ-কমিটি।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন প্রেস ক্লাবের সদস্য মাওলানা আহম্মদ উল্ল্যাহ। পরে প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথি এবং চিকিৎসায় অংশ নেওয়া তিনটি প্রতিষ্ঠানের চিকিৎসক টিমকে প্রেস ক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রেস ক্লাবের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ, বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিক এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জ-মতলব উত্তরের

উত্তর উপজেলার জমিলা খাতুন উচ্চ বিদ্যালয়, চর পাথালিয়া উচ্চ বিদ্যালয় এবং দুর্গাপুর উচ্চ বিদ্যালয় পরিদর্শন করা হয়।

প্রতিটি প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকের সভাপতিত্বে শিক্ষকদের নিয়ে একাডেমিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মতবিনিময় ও দিকনির্দেশনা দেওয়া হয়। সভায় ২০২৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফল এবং ২০২৭ সালের প্রি-টেস্ট পরীক্ষার ফলাফল পর্যালোচনা করা হয়।

দুর্বল শিক্ষার্থীদের চিহ্নিত করে বিশেষ ক্লাস, শিক্ষকদের নিবিড় তত্ত্বাবধান এবং শিক্ষার্থীদের শিক্ষকদের মধ্যে ভাগ করে দিয়ে প্রতি সপ্তাহে মূল্যায়ন সভা করার মাধ্যমে ফলাফল উন্নয়নের কর্মকৌশল নিয়ে আলোচনা করা হয়।

পরিদর্শনকালে কম্পিউটার ল্যাব, বিজ্ঞান ল্যাব ও পাঠাগার ঘুরে দেখে ল্যাবের ব্যবহার বাড়ানো, লাইব্রেরি সচল রাখা এবং সহপাঠক্রমিক কার্যক্রম জোরদারের নির্দেশ দেওয়া হয়।

এছাড়া অনুত্তীর্ণ শিক্ষার্থীকে পরবর্তী শ্রেণিতে প্রমোশন না দেওয়া, শ্রেণিভিত্তিক অভিভাবক সমাবেশ, শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধি, প্রধানমন্ত্রী ঘোষিত “ওয়ান চাইল্ড ওয়ান ট্রি” বৃক্ষরোপণ কর্মসূচি, প্রাইম মিনিস্টার গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা-২০২৬ বাস্তবায়ন, নতুন কুঁড়ি প্রতিযোগিতার অনুশীলন, নজরুল বর্ষ উদযাপনের সাংস্কৃতিক প্রতিযোগিতা, ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন, ডিবেট ক্লাব পরিচালনা, প্রতি বছর নিজস্ব ব্যবস্থাপনায় বিজ্ঞান মেলা আয়োজন, বাল্যবিবাহ, মাদক ও ডিজিটাল ডিভাইসের অপব্যবহার রোধে কাউন্সেলিং জোরদার এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে শিক্ষক-শিক্ষার্থীদের নির্দেশনা দেওয়া হয়।

অস্বাস্থ্যকর পরিবেশে খাবার

হোটেল অ্যান্ড রেস্টুরেন্টকে ৫ হাজার টাকা, পুরানো চালে তেল মিশিয়ে চকচকে করে বিক্রির দায়ে মেসার্স সেলিম খান অ্যান্ড সন্সকে ৩ হাজার টাকা ও মূল্য তালিকা প্রদর্শন না করায় মেসার্স মৌলভী ট্রেডার্সকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযুক্ত প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করে এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করে। এ সময় হোটেলে সংরক্ষিত পচা ও বাসি খাবার ধ্বংস করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চাঁদপুর শাখার সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান জানান, অভিযানে জেলা পুলিশের একটি দল সার্বিক সহযোগিতা করে। জনস্বার্থে ভোক্তা অধিকার সংরক্ষণ এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুর ঘাটে সরবরাহ

করে। বর্তমানে স্থানীয় জেলেদের কাছ থেকে প্রতিদিন মাত্র ২৫ থেকে ৩০ মণ ইলিশ পাওয়া যাচ্ছে।তিনি বলেন, সরবরাহ কমে যাওয়ার কারণে ইলিশের দামও বেড়েছে। বর্তমানে এক কেজি ওজনের স্থানীয় ইলিশ বিক্রি হচ্ছে ২ হাজার ৭০০ থেকে ২ হাজার ৮০০ টাকা কেজি দরে। ৮০০ গ্রাম ওজনের ইলিশের দাম ২ হাজার থেকে ২ হাজার ২০০ টাকা। ছোট আকারের ইলিশ বিক্রি হচ্ছে ১ হাজার থেকে ১ হাজার ২০০ টাকা কেজি দরে।

ঘাটে ইলিশ কিনতে আসা শহরের বাসিন্দা মাহমুদ বলেন, পুরো ঘাটেই ইলিশের দাম বেশি। মাছের সরবরাহ কম থাকায় বিক্রেতারা দাম কমাতে চাইছেন না।

ইলিশের পাশাপাশি অন্যান্য মাছের বাজারেও নদীতে মাছ আহরণের পরিস্থিতির প্রভাব পড়ছে। চাঁদপুর সদর উপজেলার হরিণা ফেরিঘাটের ইলিশ বিক্রেতা জাহাঙ্গীর হোসেন জানান, স্থানীয় জেলেরা নদীতে আগের তুলনায় কম ইলিশ পাচ্ছেন। তবে কিছু পাঙ্গাশ মাছ পাওয়ায় তাদের মাছ ধরার খরচ উঠে আসছে। বর্তমানে বড় আকারের পাঙ্গাশ বিক্রি হচ্ছে প্রতি কেজি ১ হাজার থেকে ১ হাজার ২০০ টাকা দরে।

চাঁদপুর মৎস্য বণিক সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আব্দুল বারি জমাদার মানিক বলেন, নিষেধাজ্ঞা শেষ হওয়ার পর কয়েক দিন ইলিশের সরবরাহ ভালো ছিল এবং দামও তুলনামূলক কম ছিল। কিন্তু বর্তমানে ইলিশের আমদানি প্রায় নেই বললেই চলে। ইলিশের মৌসুমও শেষের দিকে। তিনি আরও বলেন, সামনের অমাবস্যা ও পূর্ণিমায় জেলেরা পর্যাপ্ত ইলিশ পেলে বাজারে সরবরাহ বাড়বে এবং দাম কিছুটা কমতে পারে।

সব মিলিয়ে নিষেধাজ্ঞা শেষ হওয়ার পরও চাঁদপুরের ইলিশবাজারে স্বাভাবিক সরবরাহ ফিরে না আসায় জেলে, ব্যবসায়ী ও ক্রেতাদের মধ্যে অনিশ্চয়তা তৈরি হয়েছে। মৌসুমের শেষ সময়ে নদীতে ইলিশের প্রাপ্যতা বাড়বে কি না, তার ওপরই নির্ভর করছে মাছঘাটের কর্মচাঞ্চল্য ও বাজারদরের ভবিষ্যৎ।

৭৭ জেলা ও মহানগরে জামায়াতের

গোপন ব্যালটে আমির নির্বাচন অনুষ্ঠিত হয়। বুধবার রাতে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

দলীয় সূত্র জানায়, গঠনতন্ত্র অনুযায়ী দুই বছর মেয়াদে জেলা ও মহানগর আমির নির্বাচনের জন্য গত ৯ থেকে ৩১ অক্টোবর পর্যন্ত সারা দেশে গোপন ব্যালটে রুকনদের ভোটগ্রহণ করা হয়।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুমের নেতৃত্বে পাঁচ সদস্যের নির্বাচন কমিশন এ ভোটগ্রহণ পরিচালনা করে। এ ছাড়া প্রতিটি জেলা ও মহানগরের নির্বাচনের জন্য আলাদা প্রিসাইডিং অফিসার নিয়োগ দেয় কেন্দ্রীয় নির্বাচন কমিশন। সংশ্লিষ্ট শাখায় রুকন সম্মেলনের মাধ্যমে ভোটগ্রহণ শেষে নির্বাচিতদের নাম প্রকাশ করেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

দলের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম আমার দেশকে জানান, আগামী মেয়াদের নির্বাচনে বগুড়া, রাজশাহী, ময়মনসিংহ ও গাজীপুর মহানগরে আমির পদে পরিবর্তন এসেছে। এ ছাড়া ঠাকুরগাঁও, দিনাজপুর, রংপুর, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, ঝিনাইদহ, মাগুরা, খুলনা, বরিশাল, পিরোজপুর, ফরিদপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, গাজীপুর, নরসিংদী, সুনামগঞ্জ, লক্ষ্মীপুর, খাগড়াছড়ি ও নারায়ণগঞ্জ জেলায় নতুন আমির নির্বাচিত হয়েছেন। এক প্রশ্নের জবাবে তিনি জানান, নবনির্বাচিত আমিরদের মধ্যে তরুণ ও প্রবীণ–দুই প্রজন্মের প্রতিনিধিই রয়েছেন।

মাওলানা আব্দুল হালিম আরো জানান, নবনির্বাচিত আমিরদের শপথ অনুষ্ঠান বৃহস্পতিবার থেকে শুরু হবে। জামায়াত আমিরের প্রতিনিধি হিসেবে দলের অঞ্চল পরিচালকরা সংশ্লিষ্ট জেলা ও মহানগরে রুকন বা দায়িত্বশীলদের বৈঠকের মাধ্যমে শপথ অনুষ্ঠান পরিচালনা করবেন।

মাওলানা বিল্লাল হোসাইন

সভাপতির দায়িত্বে ছিলেন। ওই সময় তিনি সংগঠনটির চাঁদপুর ও জেলা শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

১৯৯২ সালে তিনি বাংলাদেশ জামায়াতে ইসলামীতে যোগদান করেন। ১৯৯৬-২০০০সাল পর্যন্ত চাঁদপুর পৌর জামায়াতের আমীরের দায়িত্বে ছিলেন। ২০০১ সাল থেকে জেলা জামায়াতের দায়িত্বশীল হয়ে, অফিস সম্পাদক, জেলা সেক্রেটারি ও নায়েবে আমীর ছিলেন।

১৯৯২ সালে ছাত্র জীবন শেষে চাঁদপুর আল আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক হিসেবে যোগদান করেন। পরবর্তীতে একাডেমীর সহকারী প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেন। তিনি ৯০ এর দশকে এরশাদ বিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করতে গিয়ে ৭ মাস কারাবন্দী ছিলেন। ১৯৮৬সালে চাঁদপুর সরকারী কলেজের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র শিবিরের প্যানেলের ভিপি প্রার্থী নির্বাচন করেন। ইসলামী ছাত্রশিবিরে দায়িত্ব পালনের সময়ে, বর্তমান জেলা জামায়াতের অনেক দায়িত্বশীলই তাঁর হাতে গড়া। ফ্যাসিস্ট হাসিনার শাসনামলে তিনি রাজনৈতিক দলের স্থানীয় নেতাদের মধ্যে সর্বাধিক জেল জুলুমের শিকার হন। আ'লীগ সরকার আমলে তাকে ১৬টি মামলা দিয়েছে। বর্তমানে ৪টি মামলা চলমান আছে।

২৪ এ-র বিপ্লবের পরে তিনি জেলা জামায়াতের আমীর নির্বাচিত হয়ে গত দু' বছর অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। আগামী দিনে চাঁদপুর জেলার ইসলামী আন্দোলনকে কাঙ্ক্ষিত বিপ্লবের সোপানে পৌঁছে দিতে আল্লাহ তাঁর গতিশীল নেতৃত্ব ও হায়াতে বারাকাহ দান করুন। এ কথা জানান, ইসলামী ছাত্র শিবিরের সাবেক এক নেতা।

৮ ভাই, ২ বোন এর মধ্যে তিনি ৭ম। বর্তমানে তার ৩ ছেলে, ১ মেয়ে সবাই ইসলামী আন্দোলনের সাথে যুক্ত আছেন।

নতুন কার্যকালে দ্বিতীয়বারের মতো জেলা আমির নির্বাচিত হওয়ায় স্থানীয় জামায়াতের নেতা-কর্মীদের মধ্যে আনন্দ-উচ্ছ্বাস দেখা দিয়েছে।

চাঁদপুর জেলা জামায়াতে

ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

বৃহস্পতিবার বাদ আসর মরহুমের জানাজার নামাজ অনুষ্ঠিত হয়েছে।তার বাবার ইন্তেকালের মাত্র ১ মাস পার না হতেই নিজেও রব্বে কা'বার ডাকে সাড়া দিয়ে পরপারের যাত্রী হলেন ইসলামী আন্দোলনের জেলা সভাপতি মাওলানা মাকসুদুর রহমান। মাওলানা মাকসুদুর রহমানের ইন্তেকালে গভীর শোক প্রকাশ করে শোকাহত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন চাঁদপুর জেলা জামায়াতের আমীর মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী, জেলা সেক্রেটারি এডভোকেট মোঃ শাহজাহান মিয়া। আল্লাহ প্রিয় ভাইকে মাফ করে দিয়ে জান্নাত আ'লা মাকাম দান করুন। আমিন।

যত্রতত্র পোস্টার লাগানো

এবং অনুমোদনহীন স্থানে পোস্টার লাগানো সম্পূর্ণ নিষিদ্ধ। আইনের বিষয়টি স্মরণ করিয়ে দিয়ে বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, ‘দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২’ অনুযায়ী নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও পোস্টার লাগানো একটি শাস্তিযোগ্য অপরাধ।

ব্যক্তিগত, সামাজিক, রাজনৈতিক কিংবা ব্যবসায়িক প্রচারণার উদ্দেশে যেসব পোস্টার ইতোমধ্যে বিনা অনুমতিতে বিভিন্ন স্থানে লাগানো হয়েছে, সংশ্লিষ্ট ব্যক্তি, সংগঠন, ওয়াজ মাহফিল কর্তৃপক্ষ এবং প্রতিষ্ঠানগুলোকে তা নিজ উদ্যোগে দ্রুত অপসারণের আহ্বান জানানো হয়েছে। অন্যথায় প্রচলিত আইন অনুযায়ী কঠোর আইনি ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সতর্ক করা হয়। শহরের পরিচ্ছন্নতা রক্ষা করা প্রতিটি নাগরিকের পবিত্র দায়িত্ব উল্লেখ করে জেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়, সকলের সম্মিলিত সচেতনতা ও সহযোগিতাতেই কেবল একটি পরিচ্ছন্ন, সুন্দর ও নান্দনিক চাঁদপুর শহর গড়ে তোলা সম্ভব।

কচুয়ায় এইচএসসি, আলিম

গণিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আলী আক্কাছ, পালাখাল ছালেহিয়া মাদ্রাসার অধ্যক্ষ মো. আব্দুর রাজ্জাক আনোয়ারী এবং মনোহরপুর ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জহিরুল ইসলাম পাটোয়ারীসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও প্রতিনিধিরা। সভায় কচুয়া উপজেলার বিভিন্ন কলেজ, মাদ্রাসা ও সমমানের শিক্ষাপ্রতিষ্ঠানের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষা-২০২৬-এর ফলাফল পর্যালোচনা, শিক্ষার্থীদের ফলাফলের মানদণ্ড বিশ্লেষণ এবং ভবিষ্যতে শিক্ষার গুণগত মান উন্নয়নে করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ, শিক্ষক, সরকারি কর্মকর্তা, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ এআই বিজনেস সামিট


অব ট্রাস্টিজের চেয়ারম্যান এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সাবেক সভাপতি ড. মো. সবুর খান।

চাঁদপুরে চিত্রাংকন


আদর্শকে ধারণ করে একটি গণতান্ত্রিক, সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়তে আমরা সবাই একসঙ্গে কাজ করবো। এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. সলিম উল্লাহ সেলিম, সহ- সভাপতি দেওয়ান মো. শফিকুজ্জামান, খলিলুর রহমান গাজী, যুগ্ম সাধারণ সম্পাদক আক্তার হোসেন মাঝি, সাংস্কৃতিক ব্যক্তিত্ব মইনুদ্দিন লিটন ভূঁইয়া, জেলা বিএনপির প্রচার সম্পাদক শরিফ উদ্দিন পলাশ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক হযরত আলী ঢালী, জেলা জজ কোর্টের পিপি কোহিনুর বেগম, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাধারন সম্পাদক নুরুল আমিন খান আকাশ, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক অ্যাড. শিরিন সুলতানা মুক্তা, জেলা জাসাসের সদস্য সচিব মোবারক সিকদার, জেলা ছাত্রদলের সাধারন সম্পাদক জিয়াউর রহমান সোহাগসহ আরো অনেক। উল্লেখ্য, ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চাঁদপুর জেলা বিএনপির আয়োজনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতিকৃতি উপর চিত্রাংকন প্রতিযোগিতায় প্রায় পাঁচ শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

পুরাণবাজার ২নং বালক সপ্রাবি'র

মাতার গর্বিত হাসিতে পুরো অনুষ্ঠান প্রাঙ্গণ এক স্বর্গীয় আবহে রূপ নেয়। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি এবং অত্র বিদ্যালয়ের সম্মানিত সাবেক শিক্ষক ধ্রুব রাজ বণিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন চাঁদপুর সদর উপজেলা প্রাইমারি এডুকেশন ট্রেনিং সেন্টারের ইন্সট্রাক্টর রাশেদা আতিক রোজী।









Government of the People's Republic of Bangladesh
Office of the Executive Engineer
Education Engineering Department
Chandpur.
Invitation for Tender (IFT)

e-Tender Notice No: 36/2026-2027/(5974-SHED).

Memo No: XEN/EED/Chandpur/e-Gp/801   Date: 05/11/2026

e-Tender is invited in the National e-GP system portal (http/www.eprocure.gov.bd) for the procurement of following work, details is given below.

Sl No	Package No.	Name of Works	Procurement Method	Tender ID No.	Tender/ Proposal Document Last Selling/ downloading Date and Time	Tender/ Proposal Opening Date and Time
02.	18/5974-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair And Renovation Works At Dhanua Janata High School Under Faridganj Upazilla Chandpur District. (Rms Id:1057228, Fy: 2025-26)	OTM	1366084	18-Nov-2026 15:00	19-Nov-2026 13:00
03.	19/5974-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair And Renovation Works At Sholla A Ali School & College Under Faridganj Upazilla Chandpur District. (Rms Id:1057227, Fy: 2025-26)	OTM	1366085	18-Nov-2026 15:00	19-Nov-2026 13:00
02.	21/5974-SHED/2025-26/XEN/EED/Chan/2026-27	Repair And Renovation Works At Nurpur Laboratory High School Under Kachua Upazilla Chandpur District. (Rms Id:1057253, Fy: 2025-26)	OTM	1366086	18-Nov-2026 15:00	19-Nov-2026 13:00

This is an online Tender, Where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted.

To submit e-Tender, registration in the National e-GP system portal (http//www.eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP system portal have to be deposited online through any registered Bank branches as mentioned above. Further information and guidelines are available in the National e-GP system portal and e-GP help desk (helpdesk@eprocure.gov.bd)

৫/১০/২৬
(Mujahidul Islam Alif)
Executive Engineer
Education Engineering Depart
Chandpur.

কচুয়ায় সড়কে ডাকাতি

আগাছার কারণে বিভিন্ন স্থানে আড়ালের সৃষ্টি হয়েছে। এতে সড়কে চলাচলকারী যানবাহনের চালক, যাত্রী ও পথচারীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। এ পরিস্থিতি বিবেচনায় নিয়ে সড়কের দৃশ্যমানতা বৃদ্ধি এবং অপরাধ সংঘটনের সুযোগ কমাতে এ উদ্যোগ গ্রহণ করা হয়। উপজেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক মো. শাহিন পাটোয়ারী বলেন, সড়কে চলাচলকারী যাত্রী, পথচারী ও যানবাহনের চালকদের নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। অতীতে বিভিন্ন স্থানে সড়ককেন্দ্রিক অনাকাঙ্ক্ষিত ঘটনার কারণে মানুষের মধ্যে উদ্বেগ তৈরী হয়েছে। জননিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে এবং শিক্ষামন্ত্রীর নির্দেশনায় সড়কের দুই পাশের ঝোপঝাড় ও আগাছা পরিষ্কারের এ উদ্যোগ নেওয়া হয়েছে।

কচুয়া থানার ওসি মো. আজিজুল ইসলাম বলেন, শাহিন পাটোয়ারীর এ উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয় ও ব্যতিক্রমী। সড়কের দুই পাশে ঝোপঝাড় থাকলে অনেক সময় আড়ালের সৃষ্টি হয়, যা অপরাধ সংঘটনের সুযোগ তৈরি করতে পারে। ঝোপঝাড় পরিষ্কার করা হলে সড়কে দৃশ্যমানতা বাড়বে এবং নিরাপত্তা নিশ্চিত করতে সহায়ক হবে। এ ধরনের সামাজিক উদ্যোগ সড়ক নিরাপত্তায় ইতিবাচক ভূমিকা রাখবে।

এদিকে সড়কের দুই পাশের ঝোপঝাড় ও আগাছা পরিষ্কারের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন স্থানীয় এলাকাবাসী ও যানবাহনের চালকেরা। তাদের মতে, এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকলে সড়কে নিরাপদে চলাচলের পরিবেশ তৈরি হবে এবং ডাকাতি, চুরি ও ছিনতাইয়ের ঝুঁকি কমাতে সহায়ক হবে।

ফরিদগঞ্জ প্রেসক্লাব-বিএনপি সমঝোতা

স্থানীয় নেতা নাছির পাটওয়ারী, মহসিন পাটওয়ারী, মো. ফজলুর রহমান, জি.এস. মামুন, এ.এম.এম. টুটুল পাটওয়ারী ও সেলিম হোসেন রাঢ়ী।

বৈঠকের শুরুতে প্রেসক্লাব সভাপতি আবু হেনা মোস্তফা কামাল সাংবাদিকদের সঙ্গে ঘটে যাওয়া বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার বিবরণ তুলে ধরে বলেন, "গণতন্ত্র প্রতিষ্ঠায় স্বাধীন ও দায়িত্বশীল গণমাধ্যম অপরিহার্য। সাংবাদিকরা অনিয়মের সমালোচনা করবেন এবং ক্ষমতাকে প্রশ্ন করবেন, এটাই স্বাভাবিক। গণমাধ্যমের কণ্ঠরোধ করা হলে রাষ্ট্র দুর্বৃত্তায়নের দিকে এগিয়ে যায়।"

প্রেসক্লাব নেতৃবৃন্দের বক্তব্যের প্রতি একাত্মতা প্রকাশ করে বিএনপি নেতারা সাংবাদিকদের সাথে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন। তাঁরা আশ্বাস দেন, ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কঠোর নজর রাখা হবে এবং সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা নিশ্চিত করা হবে।

বৈঠকে বিএনপি নেতৃবৃন্দ জানান, বিএনপির কেন্দ্রীয় কমিটির ব্যাংকিং ও রাজস্ব বিষয়ক সম্পাদক এবং সাবেক সংসদ সদস্য হারুনুর রশিদের নির্দেশে তাঁরা প্রেসক্লাবে এসেছেন। বিপ্লব ও সংহতি দিবস উদযাপনে ঢাকায় ব্যস্ত থাকায় সাবেক এই সংসদ সদস্য সরাসরি উপস্থিত হতে না পারলেও মুঠোফোনে প্রেসক্লাব নেতৃবৃন্দের সঙ্গে কথা বলেন এবং উদ্ভূত ঘটনায় দুঃখ প্রকাশ করেন। বিএনপি নেতারা আরও বলেন, দলীয় চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে বর্তমান বিএনপি গণমাধ্যম ও গণমাধ্যমকর্মীদের পেশাগত স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত করতে আন্তরিকভাবে কাজ করছে।

বিএনপি নেতৃবৃন্দের বিশেষ অনুরোধ ও ভবিষ্যতে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুনির্দিষ্ট আশ্বাসের পরিপ্রেক্ষিতে প্রেসক্লাবের পক্ষ থেকে সংবাদ বর্জনের ঘোষণা স্থগিত করা হয়। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বিএনপি নেতারা প্রেসক্লাব নেতৃবৃন্দের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বৈঠকে ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদকসহ সংগঠনের জ্যেষ্ঠ কর্মকর্তা এবং সাধারণ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহবর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

মধ্য নিশ্চিন্তপুর যুবসমাজের

থেকে দূরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি মাদকমুক্ত সমাজ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন দূর্গাপুর ইউনিয়ন যুবদলের সভাপতি এরফান হোসেন ভুট্টু মিয়া।

মধ্য নিশ্চিন্তপুর বাইতুল নূর জামে মসজিদের উপদেষ্টা আব্দুল সাত্তার মিয়াজীর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, ৫নং দুর্গাপুর ইউনিয়ন ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম টিটু, দূর্গাপুর ইউনিয়ন যুবদলের সহ-সভাপতি মোঃ ইলিয়াছ মিয়াজী, দুর্গাপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি কাউছার শিকদার, নিশ্চিন্তপুর বন্ধুমহল ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি রোকন প্রমুখ।

সার্বিক সহযোগিতায় ছিলেন মধ্য নিশ্চিন্তপুর গ্রামের সকল প্রবাসীবৃন্দ। খেলায় পাহাড়ের চক যুব কল্যাণ ক্রীড়া সংগঠন বনাম ঐক্য সফলতা সমবায় সমিতি ঝিনাইয়া অংশগ্রহণ করে।

মতলবে শিক্ষার্থীর মাঝে

বিদ্যালয় ও পূর্ব ষাটনল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে এসব উপকরণ বিতরণ করা হয়। পর্যায়ক্রমে বাকি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছেও শিক্ষা উপকরণ পৌঁছে দেওয়া হবে।

মতলব যুব উন্নয়ন ও সমাজকল্যাণ সংস্থার সভাপতি আনিছুর রহমান খান জামান বলেন, শিক্ষার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ। তাদের পড়ালেখায় উৎসাহিত করা এবং শিক্ষার পরিবেশে ইতিবাচক ভূমিকা রাখার লক্ষ্যেই আমাদের এই উদ্যোগ। সমাজের বিত্তবান ও সচেতন মানুষ এগিয়ে এলে শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোর এমন কার্যক্রম আরও বিস্তৃত করা সম্ভব হবে।

প্যাপিরাস পাঠাগারের 'আন্দরকিল্লা'

সভাপতিত্বে প্রধান পরিচালক মিজানুর রহমান স্বপনের সঞ্চালনায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চর্যাপদ সাহিত্য একাডেমির সভাপতি আয়েশা আক্তার রুপা, শিক্ষক নেতা আবুল কালাম আজাদ ও পাঠাগারের উপদেষ্টা দিলীপ ঘোষ।

এসময় আরও উপস্থিত ছিলেন পাঠাগারের উপ-সভাপতি ফেরারী প্রিন্স, বাচিকশিল্পী আমির হোসেন বাপ্পি ও সাহিত্যানুরাগী আকবর হোসেন লিটন প্রমুখ।

আন্দরকিল্লা ম্যাগাজিনের এ সংখ্যায় চাঁদপুরের বেশ কয়েকজন কবির কবিতা প্রকাশিত হয়েছে। বর্তমান সংখ্যার প্রতিপাদ্য 'রবীন্দ্র গ্রাফিতিতে হিংসতার দাগচিহ্ন'। সময়োপযোগী একটি সংখ্যা প্রকাশ করায় অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সন্ধ্যাকালীন আপ্যায়নের মধ্য দিয়ে অনুষ্ঠানের সফল সমাপ্তি হয়।

'চাঁদপুর চারুশিল্পী পরিষদ'

লিটন ভূঁইয়া, চিত্রশিল্পী ও প্রশিক্ষক অজিত দত্ত, ঝন্টু দে, বিপ্লব দাস, অভিজিত রায়, মনির হোসেন মান্না এবং শুভ্র রক্ষিত। তাঁরা প্রত্যেকেই গত বেশ কয়েক দশক ধরে চাঁদপুরের চারুশিল্পের উন্নয়নে নিজ নিজ স্থান থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

সংগঠনের আত্মপ্রকাশ উপলক্ষে আয়োজিত এই বিশেষ সভায় আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্যভিনেতা ও সংগঠক মোবারক হোসেন সিকদার, মুহাম্মদ আলমগীর পাটওয়ারী, সিয়াম খান ও স্বাধীন দত্তসহ স্থানীয় সাংস্কৃতিক ব্যক্তিবর্গ।

আয়োজকরা জানান, এই সংগঠনের মূল লক্ষ্য হলো চাঁদপুরের চারুশিল্পীদের এক প্ল্যাটফর্মে নিয়ে আসা এবং তরুণ প্রজন্মকে চিত্রাঙ্কন ও চারুকলার প্রতি আগ্রহী করে তোলার মাধ্যমে জেলার সাংস্কৃতিক অঙ্গনকে আরও সমৃদ্ধ করা।

মতলব উত্তরে জাতীয় বিপ্লব

সার্বভৌমত্ব, গণতন্ত্র ও মানুষের অধিকার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য আমাদের প্রত্যেককে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

আমি আশা করি, আগামী ৭ নভেম্বরের কর্মসূচি সফল করতে দলীয় নেতাকর্মীসহ সর্বস্তরের মানুষ আন্তরিকভাবে সহযোগিতা করবেন। আসুন, ভেদাভেদ ভুলে জাতীয় ঐক্য ও দেশের কল্যাণে একসঙ্গে কাজ করি।

উপজেলা বিএনপির সহ-সভাপতি হাফেজ মুন্সির সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন, ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধান, উপজেলা বিএনপির সহ-সভাপতি গণি তফাদার, সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন, তোফায়েল পাটোয়ারী, ছেংগারচর পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক উজ্জল ফরাজী, উপজেলা বিএনপির পরিবেশ বিষয়ক সম্পাদক শাহাদাত হোসেন ভুইয়া, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রাশেদুজ্জামান টিপু, যুগ্ম আহ্বায়ক ফয়সাল আহমেদ সোহেল, উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক নাছির উদ্দিন মৃধা, যুগ্ম সাধারণ সম্পাদক খোকন প্রধান সহ আরো অনেকে।

সভায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আগামী ৮ নভেম্বর র‍্যালি ও আলোচনা সভা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠান সকলের সম্মিলিত অংশগ্রহণে অনুষ্ঠিত হবে বলে আলোচনা ও পর্যালোচনা করা হয়।

ড্যাফোডিলের উদ্যোগে চাঁদপুর

বিষয়ক কোনো প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। এতে চাঁদপুরের সাতটি উপজেলার প্রেস ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ জেলা শহরের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রায় শতাধিক আমন্ত্রিত সাংবাদিক অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন।

আজ ৬ নভেম্বর (শুক্রবার) জুম্মার নামাজ শেষে দুপুর ২টা থেকে প্রশিক্ষণের কার্যক্রম শুরু হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করবেন চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। দ্বিতীয় দিন ৭ নভেম্বর (শনিবার) সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অভিজ্ঞ দেশি ও বিদেশি বিশেষজ্ঞদের একটি দল এই প্রশিক্ষণ পরিচালনা করবেন। দলের নেতৃত্বে থাকবেন বিশ্ববিদ্যালয়টির সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল কাবিল খান। প্রশিক্ষক হিসেবে আরও থাকবেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গ্রেগ সাইমনস, প্রভাষক মেহরাবুল হক এবং প্রভাষক তানভীর আহমেদ।

দুদিনের এই কর্মশালায় সাংবাদিকতায় কৃত্রিম বুদ্ধিমত্তার নৈতিক ব্যবহার, ইউজার জেনারেটেড কনটেন্ট (ইউজিসি) ও ক্রাউডসোর্সিংয়ের ব্যবহার, সোশ্যাল মিডিয়া ও এআই যুগে সাংবাদিকতার মূলনীতি এবং সংবাদের গ্রাফিক্সের প্রাথমিক ধারণাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় হাতে-কলমে শেখানো হবে। আয়োজকদের আশা, এই প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় সাংবাদিকদের পেশাগত দক্ষতা বহুগুণ বৃদ্ধি পাবে এবং আধুনিক সাংবাদিকতার নানামুখী চ্যালেঞ্জ মোকাবিলা সহজ হবে।

এদিকে, মনোনীত সকল প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রেস ক্লাব মিলনায়তনে উপস্থিত থাকার অনুরোধ জানিয়েছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ।

বিষ্ণুপুরে চেয়ারম্যান প্রার্থী আখতার

ছিলেন বিষ্ণুপুর ইউনিয়ন মৎস্যজীবী দলের কমিটির যুগ্ম সম্পাদক রহমান শেখ, ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক রবিউল বেপারী, বিষ্ণুপুর ইউনিয়ন বিএনপির কর্মী মো. আসাদ প্রধান, তাজুল ইসলাম মাস্টারসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

সাহাবি যুগে বাজারদর নিয়ন্ত্রণ ব্যবস্থা কেমন ছিল

দিগন্ত ডেস্ক

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং সিন্ডিকেট বা অসাধু ব্যবসায়ীদের বাজার কারসাজি বর্তমান সময়ের অন্যতম বড় সংকট। এই সংকট সমাধানে আধুনিক রাষ্ট্রব্যবস্থা হিমশিম খেলেও রাসুল (সা.) ও রাশেদুন খলিফাদের যুগে বাজার নিয়ন্ত্রণের যে অভাবনীয় ও ভারসাম্যপূর্ণ আইনি কাঠামো তৈরি হয়েছিল, তা আজও বিশ্বের জন্য এক বিস্ময়।

ইসলামি অর্থনীতি মূলত মুক্তবাজার নীতির সমর্থক হলেও জনস্বার্থ রক্ষায় রাষ্ট্র কীভাবে বাজারের ওপর যৌক্তিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করবে, সাহাবিদের যুগে তার চমৎকার প্রয়োগ দেখা যায়। সাহাবিদের যুগের বাজারদর নিয়ন্ত্রণ ব্যবস্থার চিত্র তুলে ধরা হলো।

স্বাভাবিক মূল্যে হস্তক্ষেপ না করা

ইসলামি অর্থনীতির মূল সূত্র হলো, বাজারে পণ্যের দাম নির্ধারিত হবে স্বাভাবিক সরবরাহ ও চাহিদার ভিত্তিতে। বাজারে যদি পণ্যের ঘাটতি থাকে এবং প্রাকৃতিকভাবেই দাম বাড়ে, তবে রাষ্ট্র বলপ্রয়োগ করে ব্যবসায়ীদের লোকসানে বাধ্য করবে না।

একবার মদিনায় জিনিসপত্রের দাম বেড়ে গেলে সাহাবিরা বললেন, 'আল্লাহর রাসুল, দ্রব্যমূল্য অনেক বেড়ে গেছে, আপনি আমাদের জন্য একটি দাম নির্ধারণ করে দিন।'

নবীজি (সা.) অস্বীকৃতি জানিয়ে বললেন, 'নিশ্চয়ই আল্লাহই মূল্যনির্ধারক; তিনিই রিজিক সংকুচিত করেন, তিনিই প্রশস্ত করেন...।' (সুনানে আবু দাউদ, হাদিস: ৩৪৫১)

অর্থাৎ, স্বাভাবিক বাজারপ্রবাহে হস্তক্ষেপ করা ইসলামে অনুমোদিত নয়।

বাজার তদারকি ব্যবস্থা প্রতিষ্ঠা

স্বাভাবিক মূল্যে হস্তক্ষেপ না করলেও, বাজারে যেন কোনো প্রতারণা না হয়, সে জন্য হজরত ওমর (রা.) তাঁর খেলাফতকালে 'হিসবাহ' নিয়োগ দেন, যাকে বর্তমানে বাজার তদারকি ব্যবস্থা বলা যায়।

তিনি নিজেই হাতে চাবুক নিয়ে মদিনার বাজারে টহল দিতেন এবং ওজন, পরিমাপ ও পণ্যের গুণগত মান যাচাই করতেন। এমনকি তিনি মদিনার বাজারের জন্য নারী সাহাবি শিফা বিনতে আবদুল্লাহ (রা.)-কে বাজার পরিদর্শক (মুহতাসিব) হিসেবে নিয়োগ দিয়েছিলেন।

ইমাম ইবনে তাইমিয়া লিখেছেন, 'মুহতাসিবের দায়িত্ব হলো বাজারে ক্রেতা-বিক্রেতার মাঝে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা এবং ওজনে কম দেওয়া বা ধোঁকাবাজি কঠোর হাতে দমন করা।' (আহমদ ইবনে তাইমিয়া, আল-হিসবাহ ফিল ইসলাম, পৃষ্ঠা ২৩, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত, ১৯৯৬)

মজুতদারি ও কৃত্রিম সংকট রোধ

সাহাবিদের যুগে বাজার নিয়ন্ত্রণের সবচেয়ে কঠোর আইন ছিল মজুতদারির (ইহতিকার) বিরুদ্ধে। অসাধু ব্যবসায়ীরা দাম বাড়ানোর উদ্দেশ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য গুদামে আটকে কৃত্রিম সংকট তৈরি করলে রাষ্ট্র তা বাজেয়াপ্ত করার ক্ষমতা রাখত।

রাসুল (সা.) কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেছেন, 'পাপী ছাড়া অন্য কেউ মজুতদারি করে না।' (সহিহ মুসলিম, হাদিস: ১৬০৫)

হজরত ওমর (রা.) মদিনার বাজারে ঘোষণা দিয়েছিলেন, 'কেউ যদি আমাদের বাজারে মজুতদারি করে জনদুর্ভোগ সৃষ্টি করে, তবে সে আমাদের আশ্রয়ের বাইরে।' (বাইহাকি, আস-সুনানুল কুবরা, হাদিস: ১১০০৪)

দালালদের দৌরাত্ম্য নিয়ন্ত্রণ

বর্তমান বাজারের মতো প্রাচীন যুগেও কৃষকেরা পণ্য নিয়ে শহরে আসার পথে দালালরা কম দামে তা কিনে নিয়ে বাজারে চড়া দামে বিক্রি করত। ইসলাম একে নিষিদ্ধ করেছে।

সাহাবিদের যুগে নিয়ম ছিল, কৃষকের পণ্য সরাসরি মূল বাজারে প্রবেশ করবে এবং কৃষক বাজারের আসল দাম জানতে পারবে। রাসুল (সা.) নির্দেশ দিয়েছেন, 'তোমরা বাণিজ্য-কাফেলার সঙ্গে (শহরের বাইরে) অগ্রগামী হয়ে সাক্ষাৎ করে পণ্য কিনে নিয়ো না।' (সহিহ বুখারি, হাদিস: ২১৫০)

এই আইনের ফলে উৎপাদক ন্যায্যমূল্য পেতেন এবং ভোক্তারাও দালালের কারসাজি থেকে রক্ষা পেতেন।

সিন্ডিকেটের ক্ষেত্রে রাষ্ট্রীয় হস্তক্ষেপ

মহানবী (সা.) স্বাভাবিক অবস্থায় মূল্যনির্ধারণ করতে নিষেধ করলেও, যদি বাজারের গুটিকয়েক ব্যবসায়ী সিন্ডিকেট করে ইচ্ছাকৃতভাবে দাম বাড়িয়ে দেয়, তখন রাষ্ট্র জনস্বার্থে বলপ্রয়োগ করে দাম নির্ধারণ (তাসয়ির) করে দিতে পারে।

হানাফি ও হাম্বলি ফিকহের চূড়ান্ত সিদ্ধান্ত হলো, যখন ব্যবসায়ীরা জুলুম শুরু করে, তখন রাষ্ট্রপ্রধানের জন্য ন্যায্যমূল্য নির্ধারণ করে দেওয়া ওয়াজিব (আবশ্যক)। (আল-মারগিনানি, আল-হিদায়া শারহু বিদায়াতিল মুবতাদি, ৪/৩৭৭, দারু ইহইয়াইত তুরাসিল আরাবি, বৈরুত, ১৯৯৫)

ইবনে তাইমিয়া (রহ.) বলেছেন, 'যদি মানুষের প্রয়োজন এমন কোনো পণ্যের ওপর নির্ভরশীল হয়, যা কিছু নির্দিষ্ট ব্যবসায়ীর কাছেই আছে এবং তারা ন্যায্যমূল্যের চেয়ে বেশি দাম ছাড়া তা বিক্রি করতে অস্বীকৃতি জানায়, তবে রাষ্ট্রপ্রধান তাদের সেই পণ্য ন্যায্যমূল্যে বিক্রি করতে বাধ্য করবেন; এটিই হলো ইনসাফ।' (ইবনে তাইমিয়া, আল-হিসবাহ ফিল ইসলাম, পৃষ্ঠা ৩৯, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত, ১৯৯৬)

সাহাবিদের যুগের বাজার ব্যবস্থাপনা ছিল ব্যবসায়ীদের জন্য একাধারে স্বাধীন এবং সাধারণ মানুষের জন্য শতভাগ সুরক্ষিত। সেখানে যেমন ব্যবসায়ীদের ন্যায্য লাভের অধিকার ছিল, তেমনি মজুতদার ও দালালদের সিন্ডিকেট ভেঙে দিয়ে ভোক্তার অধিকার নিশ্চিত করার জন্য রাষ্ট্রের কঠোর নজরদারিও বিদ্যমান ছিল।

ঋণের বোঝা থেকে মুক্ত হতে মহানবী (সা.) যে উপায় দেখিয়েছেন

দিগন্ত ডেস্ক

ইসলামে ঋণ করাকে নিরুৎসাহিত করা হয়েছে; এমনকি একজন শহীদের সব পাপ মাফ হয়ে গেলেও তার ঋণের দায় মাফ হয় না, যতক্ষণ না তা পরিশোধ করা হয়। তবে অভাব, অসুস্থতা বা ব্যবসায়িক ক্ষতির কারণে মানুষ বাধ্য হয়ে অনেক সময় ঋণের ফাঁদে পড়ে যায়।

এই দুর্বিষহ অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য মহানবী (সা.) উম্মতকে চমৎকার কিছু মানসিক, আধ্যাত্মিক ও প্রায়োগিক পথ দেখিয়েছেন।

১. ঋণ পরিশোধের সংকল্প

ঋণমুক্তির প্রথম ও প্রধান শর্ত হলো–যেকোনো মূল্যে পাওনাদারের টাকা পরিশোধ করার দৃঢ় মানসিক সংকল্প (নিয়ত) থাকা। অনেকেই ঋণ নেওয়ার পর তা পরিশোধ করার কথা ভুলে যান বা গড়িমসি করেন।

অথচ অন্তরে যদি পরিশোধের সত্যিকারের তাগিদ থাকে, তবে আল্লাহ গায়েবিভাবে তাকে সাহায্য করেন।

মহানবী (সা.) বলেছেন, 'যে ব্যক্তি মানুষের সম্পদ (ঋণ হিসেবে) গ্রহণ করে তা পরিশোধ করার উদ্দেশ্যে, আল্লাহ তার পক্ষ থেকে তা পরিশোধের ব্যবস্থা করে দেন। আর যে ব্যক্তি তা গ্রহণ করে বিনষ্ট করার উদ্দেশ্যে, আল্লাহ তাকে ধ্বংস করে দেন।' (সহিহ বুখারি, হাদিস: ২৩৮৭)

২. নবীজির শেখানো বিশেষ দোয়া পাঠ

দুশ্চিন্তা ও ঋণের পাহাড় থেকে মুক্তির জন্য নবীজি সাহাবিদের কিছু দোয়া শিখিয়েছেন। একবার হজরত আবু উমামা (রা.) ঋণের দায়ে অত্যন্ত বিষণ্ণ অবস্থায় মসজিদে বসে ছিলেন। নবীজি তাঁকে সকালে ও সন্ধ্যায় একটি বিশেষ দোয়া পড়ার নির্দেশ দেন।

দোয়া: আল্লাহুম্মা ইন্নি আউজু বিকা মিনাল হাম্মি ওয়াল হাযানি, ওয়া আউজু বিকা মিনাল আজযি ওয়াল কাসালি, ওয়া আউজু বিকা মিনাল বুখলি ওয়াল জুবনি, ওয়া আউজু বিকা মিন গালাবাতুদ দাইনি ওয়া কহরির রিজাল।

অর্থ: হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার আশ্রয় প্রার্থনা করছি দুশ্চিন্তা ও বেদনা থেকে, আপনার আশ্রয় প্রার্থনা করছি অক্ষমতা ও অলসতা থেকে, আপনার আশ্রয় প্রার্থনা করছি কৃপণতা ও ভীরুতা থেকে এবং আপনার আশ্রয় প্রার্থনা করছি ঋণের বোঝা ও মানুষের দমনপীড়ন বা আধিপত্য থেকে। (সুনানে আবু দাউদ, হাদিস: ১৫৫৫)

এ ছাড়া আলী (রা.) এক চুক্তিবদ্ধ দাসকে ঋণমুক্তির জন্য নবীজির শেখানো আরেকটি চমৎকার দোয়া শিখিয়েছিলেন।

দোয়া: আল্লাহুম্মাকফিনি বিহালালিকা আন হারামিকা, ওয়া আগনিনি বিফাদলিকা আম্মান সিওয়াকা।

অর্থ: হে আল্লাহ, আপনার হারাম বস্তুর বদলে হালাল রিজিক দিয়ে আমাকে অভাবমুক্ত করুন এবং আপনার অনুগ্রহ দিয়ে আপনি ছাড়া অন্য সবার থেকে আমাকে অমুখাপেক্ষী করে দিন। (সুনানে তিরমিজি, হাদিস: ৩৫৬৩)

৩. জীবনযাত্রায় পরিমিতিবোধ

আধ্যাত্মিক দোয়ার পাশাপাশি বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা অপরিহার্য। ঋণগ্রস্ত ব্যক্তির উচিত তার দৈনন্দিন জীবনের সব ধরনের অপচয় ও বিলাসিতা পরিহার করা।

ঋণগ্রস্ত ব্যক্তির ওপর তার সামর্থ্য অনুযায়ী দ্রুত ঋণ পরিশোধ করা ওয়াজিব (আবশ্যক); এ জন্য তার নিজের ও পরিবারের মৌলিক প্রয়োজন (অন্ন, বস্ত্র, বাসস্থান) মেটানোর পর উদ্বৃত্ত সব সম্পদ বা আয় দিয়ে আগে ঋণ পরিশোধ করা উচিত। (আল-ফতোয়া আল-হিন্দিয়া, ৫/৩৬৬, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত, ২০০০)

আয়ের চেয়ে ব্যয় বেশি হলেই মানুষ ঋণের চক্রে পড়ে।

৪. হালাল উপার্জনে কঠোর পরিশ্রম

ঋণ পরিশোধের জন্য অলসতা ঝেড়ে ফেলে হালাল পথে উপার্জনের সর্বোচ্চ চেষ্টা করতে হবে। ইসলামে কর্মবিমুখতার কোনো স্থান নেই।

নিজের সাধ্যমতো পরিশ্রম করে আয় করতে থাকলে আল্লাহ সেই উপার্জনে বরকত দান করেন। কোনো কাজকেই ছোট করে দেখার সুযোগ নেই।

৫. পাওনাদারের সঙ্গে উত্তম আচরণ ও সময় প্রার্থনা

ঋণগ্রস্ত ব্যক্তি অনেক সময় পাওনাদারের ভয়ে পালিয়ে বেড়ান বা মিথ্যা কথা বলেন, যা ইসলামে সম্পূর্ণ নিষিদ্ধ। ঋণগ্রস্ত ব্যক্তির উচিত পাওনাদারের সঙ্গে বিনীত আচরণ করা এবং নিজের অক্ষমতার কথা সততার সঙ্গে তুলে ধরে তার কাছে সময় চাওয়া।

পবিত্র কোরআনেও পাওনাদারকে নির্দেশ দেওয়া হয়েছে, 'আর ঋণগ্রহীতা যদি অভাবগ্রস্ত হয়, তবে সচ্ছলতা আসা পর্যন্ত তাকে অবকাশ দেওয়া উচিত।' (সুরা বাকারা, আয়াত: ২৮০)

পরিশেষে, ঋণ কোনো স্থায়ী অভিশাপ নয়, বরং এটি জীবনের একটি পরীক্ষামাত্র। উপার্জনে কঠোর পরিশ্রম, জীবনযাপনে পরিমিতিবোধ এবং আল্লাহর কাছে কায়মনোবাক্যে দোয়ার মাধ্যমে পাহাড়সম ঋণের বোঝাও একসময় ধীরে ধীরে নেমে যায়।

আল্লাহর ওপর ভরসা রাখলে তিনিই এমন পথ থেকে রিজিকের ব্যবস্থা করেন, যা মানুষের কল্পনারও অতীত।

শয়তান যেভাবে দাম্পত্য জীবনে অশান্তির সূচনা করে

দিগন্ত ডেস্ক

পবিত্র কোরআনে স্বামী-স্ত্রীকে একে অপরের 'পোশাক' হিসেবে আখ্যায়িত করা হয়েছে। যেহেতু এই পবিত্র বন্ধন আল্লাহ তাআলার কাছে অত্যন্ত প্রিয়, তাই শয়তানের (ইবলিস) কাছে এটি সবচেয়ে ঘৃণিত।

শয়তানের প্রধান লক্ষ্যই হলো যেকোনো উপায়ে স্বামী-স্ত্রীর মাঝে বিভেদ সৃষ্টি করে একটি পরিবার ভেঙে দেওয়া। দাম্পত্য জীবনে শয়তান যেসব সুকৌশলে অশান্তির সূচনা করে, তা আলোচনা করা হলো।

বিয়েবিচ্ছেদে শয়তানের সর্বোচ্চ আনন্দ

শয়তানের সবচেয়ে বড় সফলতা হলো স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদ বা তালাক ঘটাতে পারা। মহানবী (সা.) একটি চমৎকার উপমার মাধ্যমে বিষয়টি স্পষ্ট করেছেন।

তিনি বলেছেন, 'ইবলিস পানির ওপর তার সিংহাসন স্থাপন করে এবং মানুষের মাঝে ফিতনা সৃষ্টির জন্য তার বাহিনীকে পাঠায়... তাদের মধ্যে একজন এসে বলে, আমি অমুক স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদ ঘটিয়ে ছেড়েছি; তখন ইবলিস তাকে বুকে টেনে নেয় এবং বলে, তুমিই সবচেয়ে ভালো কাজ করেছ।' (সহিহ মুসলিম, হাদিস: ২৮১৩)

অর্থাৎ, চুরি বা পরকীয়ার চেয়েও পরিবার ভাঙার কারিগরকে শয়তান বেশি পুরস্কৃত করে।

ছোটখাটো ভুলকে বড় করে দেখানো

দাম্পত্য জীবনে স্বামী বা স্ত্রী কেউই ভুলের উর্ধ্বে নন। শয়তান অত্যন্ত সুকৌশলে দুজনের ইতিবাচক গুণগুলোকে ভুলিয়ে দিয়ে শুধু ছোটখাটো ত্রুটিগুলোকে বড় করে মনের পর্দায় ভাসিয়ে তোলে। ফলে একে অপরের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা হারিয়ে যায়।

এই ফাঁদ থেকে বাঁচার উপায় হিসেবে মহানবী (সা.) বলেছেন, 'কোনো মুমিন স্বামী যেন তার মুমিন স্ত্রীর প্রতি বিদ্বেষ পোষণ না করে; কারণ স্ত্রীর একটি স্বভাব অপছন্দ হলেও অন্য একটি স্বভাব তার কাছে পছন্দনীয় হতে পারে।' (সহিহ মুসলিম, হাদিস: ১৪৬৯)

অহেতুক সন্দেহ ও অবিশ্বাসের বীজ বপন

দাম্পত্য সম্পর্কের মূল ভিত্তি হলো পারস্পরিক বিশ্বাস। হাদিসের ভাষ্যমতে, শয়তান মানুষের শিরা-উপশিরায় বিচরণ করতে পারে। সে স্বামী বা স্ত্রীর মনে একে অপরের চরিত্র বা বিশ্বস্ততা নিয়ে অমূলক সন্দেহের বীজ বুনে দেয়।

পবিত্র কোরআনে জাদুটোনা বা শয়তানি প্ররোচনার সবচেয়ে ক্ষতিকর দিক হিসেবে স্বামী-স্ত্রীর মাঝে বিভেদ সৃষ্টির কথা বলা হয়েছে। (সুরা বাকারা, আয়াত: ১০২)

ইমাম ইবনে কাসির এই আয়াতের ব্যাখ্যায় লিখেছেন, শয়তান ও জাদুকরেরা স্বামী-স্ত্রীর মনে একে অপরের প্রতি কাল্পনিক কুৎসিত রূপ বা বিদ্বেষ তৈরি করে দেয়, যাতে তারা একে অপরকে সন্দেহ করে এবং তাদের মাঝে বিচ্ছেদ ঘটে। (ইবনে কাসির, তাফসিরুল কুরআনিল আজিম, ১/১৪৪, দারু তাইয়িবাহ, রিয়াদ, ১৯৯৯)

রাগের সময় উসকানি ও তালাকের প্ররোচনা

স্বামী-স্ত্রীর মাঝে সাধারণ মান-অভিমান বা ঝগড়া হওয়া স্বাভাবিক। কিন্তু শয়তান এই রাগের সময় ইন্ধন জোগায় এবং মানুষের হিতাহিত জ্ঞান শূন্য করে দেয়।

মহানবী (সা.) বলেছেন, 'রাগ শয়তানের পক্ষ থেকে আসে, আর শয়তান আগুনের তৈরি...।' (সুনানে আবু দাউদ, হাদিস: ৪৭৮৪)

রাগের বশবর্তী হয়েই স্বামী অনেক সময় 'তালাক'-এর মতো জঘন্য শব্দ উচ্চারণ করে ফেলেন। রাগের চরম মুহূর্তে শয়তান মানুষের বিবেককে ঢেকে দেয় এবং তার মুখ দিয়ে এমন কথা বের করে আনে, যা মূলত একটি সংসার ধ্বংসের চূড়ান্ত হাতিয়ার। (ইবনে আবিদিন, রদ্দুল মুহতার আলাদ দুররিল মুখতার, ৩/২৪৪, দারুল ফিকর, বৈরুত, ১৯৯২)

পরস্পরের অধিকার পূরণে গাফিলতি

শয়তান স্বামী-স্ত্রীকে তাদের একে অপরের প্রতি শারীরিক ও মানসিক অধিকার পূরণে উদাসীন করে তোলে। সে বাইরের গায়রে মাহরাম (বেগানা) মানুষের সৌন্দর্যকে আকর্ষণীয় করে তুলে ধরে স্বামী বা স্ত্রীর মনে ফিতনা সৃষ্টি করে।

এই শয়তানি মন্ত্রণা থেকে বাঁচার পথ দেখিয়ে মহানবী (সা.) নির্দেশ দিয়েছেন, যদি কোনো ব্যক্তি বাইরের কোনো নারীর প্রতি আকৃষ্ট হয়, তবে সে যেন দ্রুত তার স্ত্রীর কাছে ফিরে যায়; কারণ এতে তার মনের কুমন্ত্রণা দূর হয়ে যাবে। (সহিহ মুসলিম, হাদিস: ১৪০৩)

স্বামী-স্ত্রীর একে অপরের অধিকার ও অন্তরঙ্গতা রক্ষা করা ওয়াজিব, যাতে তারা শয়তানের প্ররোচনা ও বাইরের কোনো ফিতনা থেকে নিজেদের চরিত্রকে পবিত্র রাখতে পারে। (আল-ফতোয়া আল-হিন্দিয়া, ১/৩২৭, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত, ২০০০)

দাম্পত্য জীবনে এই শয়তানি প্ররোচনা থেকে বাঁচতে হলে ঘরে প্রবেশের সময় সালাম দেওয়া, স্বামী-স্ত্রীর মাঝে ক্ষমা ও ছাড় দেওয়ার মানসিকতা তৈরি করা এবং যেকোনো কলহ নিজেদের মাঝে সুন্দরভাবে মিটিয়ে ফেলার অভ্যাস করা আবশ্যক।

রাগ ও সন্দেহের মুহূর্তে 'আউজুবিল্লাহ' পড়ে আল্লাহর আশ্রয় নেওয়াই হলো দাম্পত্য সুরক্ষার সবচেয়ে বড় হাতিয়ার।

কর্মক্ষেত্রে মানসিক চাপ: মহানবী (সা.) কীভাবে কাজের চাপ সামলাতেন

দিগন্ত ডেস্ক

পেশাগত জীবনে কর্মক্ষেত্রে 'মানসিক চাপ' (স্ট্রেস) একটি নিত্যনৈমিত্তিক বিষয় হয়ে দাঁড়িয়েছে। কাজের ডেডলাইন, টার্গেট পূরণ এবং বহুমুখী দায়িত্ব পালন করতে গিয়ে অনেকেই চরম মানসিক অবসাদের (বার্নআউট) শিকার হন।

অথচ বলা যায়, মানব ইতিহাসের সবচেয়ে বেশি কাজের চাপ ও বহুমুখী দায়িত্ব পালন করেছেন মহানবী (সা.)। তিনি একাধারে একজন নবী, রাষ্ট্রপ্রধান, সেনাপতি, প্রধান বিচারপতি, শিক্ষক ও একজন সংসারী মানুষ ছিলেন।

এত বিশাল দায়িত্বের বোঝা কাঁধে থাকার পরও তিনি কখনো মানসিক অবসাদে ভেঙে পড়েননি বা খিটখিটে মেজাজের হননি। কাজের প্রচণ্ড চাপ সামলাতে নবীজি যে কৌশলগুলো অবলম্বন করতেন, তা আজকের কর্মজীবীদের জন্য আদর্শ হতে পারে।

১. কাজের ফাঁকে নামাজের মাধ্যমে 'ব্রেক'

টানা কাজ করতে থাকলে মানুষের মস্তিষ্ক ক্লান্ত হয়ে পড়ে। আধুনিক বিজ্ঞান কাজের ফাঁকে বিরতির (মেডিটেশন) কথা বলে। নবীজির জীবনে যখনই কাজের চাপ বাড়ত বা কোনো চিন্তার বিষয় সামনে আসত, তিনি নামাজে দাঁড়িয়ে যেতেন।

নামাজের এই সময়টা ছিল তাঁর জন্য সব ধরনের জাগতিক চাপ থেকে পুরোপুরি বিচ্ছিন্ন হওয়ার সুযোগ। তিনি সাহাবি বিলালকে বলতেন, নামাজের মাধ্যমে আমার প্রশান্তির ব্যবস্থা করো। (সুনানে আবু দাউদ, হাদিস: ৪৯৮৫)

কর্মক্ষেত্রে কাজের ফাঁকে নামাজের এই বিরতি মস্তিষ্ককে পুনরায় সতেজ ও কর্মক্ষম করে তোলে।

২. দায়িত্ব বণ্টন

মানসিক চাপের অন্যতম প্রধান কারণ হলো সব কাজ একাই নিখুঁতভাবে করার চেষ্টা, যাকে বলে 'মাইক্রোম্যানেজমেন্ট'। নবীজি একা সব কাজের বোঝা কাঁধে তুলে নিতেন না; বরং সাহাবিদের যোগ্যতা অনুযায়ী চমৎকারভাবে দায়িত্ব বণ্টন করে দিতেন।

বিচার ও প্রশাসনিক দায়িত্ব দিয়ে সাহাবি মুয়াজ ইবনে জাবালকে ইয়েমেন পাঠিয়েছেন, যুদ্ধের নেতৃত্ব দিয়েছেন খালিদ ইবনে ওয়ালিদকে, আর গোপন তথ্যের দায়িত্ব দিয়েছেন হুজাইফাতুল ইয়ামানকে।

অধস্তনদের ওপর বিশ্বাস স্থাপন করে তাদের দায়িত্ব বুঝিয়ে দেওয়ার এই নীতি আধুনিক ব্যবস্থাপনার অন্যতম মূলমন্ত্র।

৩. সময়ের সুশৃঙ্খল বিভাজন

কাজের চাপের কারণে অনেক সময় কর্মজীবীদের ব্যক্তিগত ও পারিবারিক জীবন চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়, যা মানসিক অবসাদ আরও বাড়িয়ে দেয়।

মহানবী (সা.) তাঁর প্রতিদিনের সময়কে সুশৃঙ্খলভাবে তিন ভাগে ভাগ করতেন। তিনি তাঁর ঘরের সময়কে তিন ভাগে ভাগ করতেন–এক ভাগ মহান আল্লাহর ইবাদতের জন্য, এক ভাগ পরিবারের সদস্যদের জন্য এবং এক ভাগ নিজের বিশ্রামের জন্য। (ইমাম তিরমিজি, আশ-শামায়িল আল-মুহাম্মাদিয়্যাহ, হাদিস: ৩১৫)

কর্মক্ষেত্রের কাজ তিনি কখনোই পরিবার বা বিশ্রামের সময়ে টেনে আনতেন না।